আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আর আহলে কিতাবদের এবং নিররদের বলে দাও যে, তোমরাও কি আত্মসমর্পণ করেছ?

সূরা আল ইমরান- ২০

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শনিবার ॥ ২৮ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১০ রমজান ১৪৪৭ ॥ ১৫ ফাল্গুন ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৮৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

জুমা শেষে শিশুদের সঙ্গে প্রধানমন্ত্রীর খুনসুটি

কীর্তনখোলা ডেস্ক

সাধারণ পোশাকে জুমার নামাজ আদায় করতে এসেছিলেন। নামাজ শেষে মসজিদ থেকে বের হতেই একঝাঁক কৌতূহলী ৩ এর পাতায় দেখুন

অর্থনীতি পুনরুদ্ধারে ট্যাক্স বাড়াতে হবে: অর্থমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

দেশের নাজুক অর্থনীতি পুনরুদ্ধারে ট্যাক্স বাড়ানোর মাধ্যমে বিনিয়োগ বাড়ানোর কথা বলেছেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমীর ২ এর পাতায় দেখুন



মন্ত্রী পর্যায়ে কাঁচা কথাবার্তা অপরাধকে উসকে দিচ্ছে

কীর্তনখোলা ডেস্ক

সরকারের মন্ত্রী পর্যায় থেকে কিছু 'কাঁচা' কথাবার্তা সমাজকে অস্থির করে তুলছে এবং অপরাধকে উসকে দিচ্ছে বলে মন্তব্য ২ এর পাতায় দেখুন

সাকিবের ভক্তরা দুদকে মব করে অভিযোগ দিয়েছে

কীর্তনখোলা ডেস্ক

ক্রিকেটার সাকিব আল হাসানের ভক্তরা দুর্নীতি দমন কমিশনে (দুদক) মব করে অভিযোগ দিয়েছে বলে মন্তব্য করেছেন ২ এর পাতায় দেখুন

গণমাধ্যম শক্তিশালী না হলে গণতন্ত্রও শক্তিশালী হবে না: তথ্যমন্ত্রী

কীর্তনখোলা রিপোর্ট

গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে সাংবাদিকদের বাধাহীনভাবে কাজ করার সুযোগ দিতে হবে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। গতকাল শুক্রবার (২৭ ফেব্রুয়ারী) বরিশাল প্রেসক্লাবে সজন স্মরণে আয়োজিত ইফতার ও দোয়া মাহফিলে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে তিনি এসব কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, সাংবাদিকদের যত বেশি স্বাধীনতা দেওয়া হবে, তারা তত বেশি অনুসন্ধানী সাংবাদিকতায় মনোযোগী হবেন এবং সত্য উদঘাটনে সাহসী ভূমিকা রাখবেন। গণমাধ্যম রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ। এই স্তম্ভ শক্তিশালী না হলে গণতন্ত্রও শক্তিশালী হবে না। সাংবাদিকদের স্বাধীনভাবে কাজ করতে দিতে হবে। তাদের কলম থামিয়ে দিয়ে উন্নয়ন টেকসই করা যায় না। তিনি বলেন, সাংবাদিকদের ন্যায্য বেতন-ভাতা নিশ্চিত করতে ওয়েজ বোর্ড বাস্তবায়নে সরকার কার্যকর উদ্যোগ নেবে। এ লক্ষ্যে সংবাদমাধ্যম মালিকদের সঙ্গে বৈঠকের কথাও জানান তিনি। ওয়েজ বোর্ড বাস্তবায়ন না হলে পেশাগত নিরাপত্তা নিশ্চিত হয় না। সাংবাদিকদের আর্থিক ও সামাজিক ২ এর পাতায় দেখুন

রমজানের শিক্ষা: আল্লাহর রহমত ও ক্ষমা প্রার্থনা

মাওলানা মোহাম্মদ ইউসুফ

পবিত্র মাহে রমজানের আজ ১০ম দিবস, রহমতের দশকের সমাপনী দিন আজ। আল্লাহ তাআলা এই পবিত্র মাসের প্রথম ১০ দিনকে তাঁর অশেষ রহমতের জন্য নির্দিষ্ট করেছেন। একজন মুমিনের জন্য এর চেয়ে বড় পাওয়া আর কিছু হতে পারে না যে, সে তার রবের পক্ষ থেকে বিশেষ রহমত ও অনুগ্রহ লাভ করবে। পবিত্র ২ এর পাতায় দেখুন

বাবুগঞ্জ ও গৌরনদী মহাসড়কে দুর্ঘটনা, নিহত দুই, আহত ২৭

কীর্তনখোলা রিপোর্ট

ঢাকা-বরিশাল মহাসড়কের বাবুগঞ্জ ও গৌরনদীতে পৃথক দুই সড়ক দুর্ঘটনায় দুইজন নিহত ও ২৭ জন আহত হয়েছেন। বাবুগঞ্জ উপজেলায় ঢাকা-বরিশাল মহাসড়কের বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীর সেতুর উত্তর পাশের ঢালে লাবিবা ও ইসলাম পরিবহনের মুখোমুখি সংঘর্ষে একজন নিহত এবং অন্তত ২০ জন আহত হয়েছেন। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) রাত সাড়ে ৯টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত ব্যক্তি ইসলাম পরিবহনের চালক কবির হোসেন, তিনি বরগুনার বাসিন্দা বলে প্রাথমিকভাবে জানা গেছে। স্থানীয় প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা যায়, পাথরঘাটা থেকে ঢাকাগামী ইসলাম পরিবহন (ঢাকা মেট্রো ব-১৩-২৩৪৬) এবং ঢাকা থেকে বরিশালগামী লাবিবা পরিবহন (ঢাকা মেট্রো ব-১৪-৩৯৭৯) বাস দুটি মুখোমুখি সংঘর্ষ হয়। এতে লাবিবা পরিবহনের চালক রাসেলসহ উভয় বাসের ১৫ থেকে ২০ জন যাত্রী গুরুতর আহত হন। তবে আহতদের পরিচয় এখনও জানা যায়নি। এ ঘটনায় গুরুতর আহত অবস্থায় ইসলাম পরিবহনের চালক কবির হোসেনকে দ্রুত শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে সেখানে ২ এর পাতায় দেখুন

ফিলিস্তিনি ভূখণ্ড দখলে ইসরায়েলি পদক্ষেপের নিন্দা বাংলাদেশের

কীর্তনখোলা ডেস্ক

অধিকৃত ফিলিস্তিনি ভূখণ্ড সংযুক্ত করার লক্ষ্যে ইসরায়েলের সাম্প্রতিক ভূমি-সংক্রান্ত আইনকে আন্তর্জাতিক আইনের লঙ্ঘন উল্লেখ করে তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ। সৌদি আরবের জেদ্দায় ইসলামিক সহযোগিতা সংস্থার (ওআইসি) পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের উন্মুক্ত নির্বাহী কমিটির বৈঠকে দেওয়া বক্তব্যে এ নিন্দা জানান ২ এর পাতায় দেখুন

বরগুনায় হ্যান্ডকাফ পরা অবস্থায় নদীতে লাফিয়ে জেলে নিখোঁজ

বরগুনা প্রতিনিধি

বরগুনার বলেশ্বর নদী সংলগ্ন এলাকায় অবৈধ ট্রলিং ট্রলার এবং মাছসহ দুই জেলেকে আটকের পর একজন হ্যান্ডকাফ পরা অবস্থায় 'নদীতে লাফিয়ে নিখোঁজের' দাবি করেছেন স্বজনরা। সর্বশেষ শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) সন্ধ্যার দিকে এ রিপোর্ট লেখা পর্যন্ত নিখোঁজ ওই জেলের সন্ধান মিলেনি। এর আগে বৃহস্পতিবার রাত সাড়ে ৭টার দিকে চরদুয়ানী ইউনিয়নের জানপাড়া গ্রামের বান্দাঘাটা খাল থেকে তাদের আটক করা হয়। 'এফবি আব্দুল্লাহ' ট্রলারের মাঝি মাসুদ খলিফা (৪০) ও ট্রলারের মিস্ত্রী মো. মুনসুর মিয়া। দুজনেরই বাড়ি উপজেলার চরদুয়ানী ইউনিয়নে। নিখোঁজ জেলের স্বজনদের দাবি, আটকের পর ট্রলারসহ আটক দুই জেলেকে পাথরঘাটা ৩ এর পাতায় দেখুন

জামায়াতের হাত ধরেই সমাজে পরিবর্তন আসবে: অ্যাড. হেলাল

কীর্তনখোলা রিপোর্ট

জনগণ পরিবর্তন চায়, জনগণ বিশ্বাস করে এই পরিবর্তন জামায়াত ছারা সম্ভব নয় বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াযয্‌ম হোসাইন হেলাল। তিনি আজ ৯ই রমজান শুক্রবার বরিশাল মহানগরীর কোতয়ালী উত্তর থানা জামায়াতের উদ্যোগে ইফতার মাহফিলে প্রধান অতিথি হিসেবে এসব কথা বলেন। কোতয়ালী উত্তর থানা জামায়াতের আমীর অধ্যাপক আনোয়ার হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী বরিশাল মহানগরীর ওলামা বিভাগের সভাপতি ও উত্তমপুর ইসলামিয়া ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা সোহরাব হোসেন। অ্যাডভোকেট মুয়াযয্‌ম হোসাইন হেলাল বলেন, মহান আল্লাহ আমাদের সৃষ্টি করেছেন তার ২ এর পাতায় দেখুন

অনুমতি ছাড়া শিক্ষকরা অন্য পেশায় থাকলে ব্যবস্থা নেওয়া হবে : শিক্ষামন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

চাঁদপুরে শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, অনুমতি ছাড়া কোনো শিক্ষক অন্য পেশায় যুক্ত থাকলে তদন্ত সাপেক্ষে তার বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ও আইনগত ব্যবস্থা নেওয়া হবে। শিক্ষা প্রতিষ্ঠানে শৃঙ্খলা ও জবাবদিহিতা নিশ্চিত করতে সরকার কঠোর অবস্থানে রয়েছে। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) বিকেলে চাঁদপুরের কচুয়া ৩ এর পাতায় দেখুন

গণমাধ্যমের স্বাধীনতা ও জবাবদিহিতা একে অপরের পরিপূরক: তথ্যমন্ত্রী

কীর্তনখোলা রিপোর্ট

জনগণের জন্য অবাধ তথ্যপ্রবাহ নিশ্চিত করতে সাংবাদিকসহ সংশ্লিষ্ট সব অংশীজনের মতামতের ভিত্তিতে জবাবদিহির কাঠামো নির্ধারণ করে গণমাধ্যমের সর্বোচ্চ স্বাধীনতা নিশ্চিত করা হবে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। শুক্রবার দুপুরে বরিশাল সার্কিট হাউসে জেলাপর্যায়ের সরকারি কর্মকর্তাদের নিয়ে অনুষ্ঠিত সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। তথ্যমন্ত্রী জহির উদ্দিন আরও বলেন, 'বর্তমানে যে ধরনের তথ্যপ্রযুক্তিভিত্তিক গণমাধ্যমের প্রসার তৈরি হয়েছে, এর সঙ্গে যেভাবে খাপ খাওয়ানো দরকার, তাও এত দিনে হয়ে ওঠেনি। সরকারের নীতিনির্ধারণী সবার সঙ্গে আলোচনা করে ধীরে ধীরে জনগণের কাছে অবাধ তথ্য সরবরাহ নিশ্চিত করব। স্বাধীনতা ও জবাবদিহি একে অপরের পরিপূরক। আমরা এমন একটি পরিবেশ চাই, যেখানে গণমাধ্যম স্বাধীনভাবে কাজ করবে এবং একই সঙ্গে পেশাগত মানদণ্ড বজায় থাকবে।' এর আগে তথ্যমন্ত্রী বরিশাল ও পিরোজপুরে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের মধ্যে বিআরটিএর অনুদানের চেক বিতরণ করেন। বরিশাল ২ এর পাতায় দেখুন

পৃথিবীর প্রথম স্থাপনা

মাহমুদ ইউসুফ

বায়তুল্লাহ বা আল্লহর ঘর এক অপরূপ বিস্ময়কর সৃষ্টিকর্ম। আল্লহ ও মানুষের মধ্যে এক চিরন্তন স্বর্ণসেতু। খোদার উদ্দেশে বান্দার নিবেদিত একটি নীরব প্রণতি অনন্তকালের জন্য যেন দণ্ডায়মান। পৃথিবীতে যত ঘরবাড়ি ও দামি দামি জাঁকজমকপূর্ণ প্রাসাদ বা দালানকোঠা রয়েছে তার মধ্যে সবচেয়ে শ্রেষ্ঠ, মর্যাদাপূর্ণ ও বরকতময় ঘর হলো বায়তুল্লাহ; যার ভিত্তিপ্রস্তরের আগে পৃথিবীতে আর কোনো ঘর তৈরি হয়নি। তবে জমিনের প্রথম ঘর কোনটি তা নিয়ে বাহাস বর্তমান। তর্ক-বিতর্ক হয়ত চলতেই থাকবে। কারণ পৃথিবীর বেশির ভাগ মানুষের অবস্থান সত্যের বিপরীতে। খুব কমসংখ্যক লোকই সুপথপ্রাপ্ত। অধিকাংশ ইনসানই বিপথগামী। আল্লহ আল কুরআনে ইরশাদ করেন, 'আমার বান্দাদের মধ্যে অল্পসংখ্যক লোকই কৃতজ্ঞ।' (সুরা আস-সাবা: আয়াত ১৩) তাদের অধিকাংশের বিবেকবুদ্ধি নাই। (সুরা আনকাবুত: আয়াত ৬৩), তারা শ্রুত কথা এনে দেয় এবং তাদের অধিকাংশই মিথ্যাবাদী। (সুরা আশ-শুয়ারা: আয়াত ২২৩) বরং তাদের অধিকাংশ লোকই সত্যকে জানে না। (সুরা আম্বিয়া: আয়াত ২৪) তোমাদের অধিকাংশই সত্যকে অপছন্দ কর। (সুরা আয-যুখরুফ: আয়াত ৭৮) এরূপ অর্ধশতাধিক আয়াতের বিষয়বস্তু হলো মানবগোষ্ঠীর অধিকাংশ ভ্রান্ত আকিদায় বিভ্রান্ত। সামান্য সংখ্যক আলোকপ্রাপ্ত। আর কুপথপ্রাপ্ত তথা বিপথগামীদের কাছ থেকে সহিহ কিছু প্রত্যাশা অনাকাঙ্ক্ষিত। তবে আমরা সত্যটা তুলে ধরার কোশেশ করব। ভৌগোলিক দিক দিয়ে মাক্কা ও আরব উপদ্বীপ এশিয়া, ইউরোপ ও আফ্রিকার মধ্যস্থলে অবস্থিত। মাক্কানগরী বৃত্তের কেন্দ্রস্থলে হওয়ায় মহান আল্লহ কাবাঘর এখানেই কায়েম করেন। কাবা পৃথিবীর নাভীমূল বলে কথিত। পৃথিবী ২ এর পাতায় দেখুন





বানারীপাড়ায় আ.লীগের বন্ধ কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন

বানারীপাড়া প্রতিনিধি

বরিশালের বানারীপাড়া উপজেলা আওয়ামী লীগের বন্ধ কার্যালয়ের সামনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়েছে। এ ছাড়া কার্যালয়টির শাটার ও জানালার গ্রিলে ঝুলিয়ে দেওয়া হয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শেখ হাসিনা ছবি। শুক্রবার ভোরে কোনো এক সময় এ ঘটনা ঘটে বলে জানিয়েছেন স্থানীয় বিএনপির নেতাকর্মীরা। প্রত্যক্ষদর্শীরা জানান, ভোরে আওয়ামী লীগের তৃণমূলের কয়েকজন কর্মী কার্যালয়ের শাটার ও জানালার গ্রিলের সঙ্গে জাতীয় পতাকা উত্তোলন এবং বঙ্গবন্ধু ও শেখ হাসিনার ছবি টাঙিয়ে চলে যান। বানারীপাড়া পৌর বিএনপির জ্যেষ্ঠ সহসভাপতি আব্দুস সালাম বলেন, "আওয়ামী লীগের পতাকা উত্তোলনের বিষয়টি সামাজিক যোগাযোগমাধ্যমে দেখেছি। "তবে কে বা কারা রাতের আঁধারে দুটি পতাকা ও ছবি রেখে গেছে, তা এখনো নিশ্চিত হওয়া যায়নি। বিষয়টি অস্পষ্ট থাকায় দলীয়ভাবে এখনো কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি।" বানারীপাড়া থানার ওসি মজিবুর রহমান ২ এর পাতায় দেখুন

চরফ্যাশনে ফ্যামিলি কার্ডের জন্য ১শ টাকা করে দাবি, ভিডিও ভাইরাল

চরফ্যাশন প্রতিনিধি

ভোলায় ফ্যামিলি কার্ডের জন্য আবেদন করার নামে কয়েকজন নারীর কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে পরিষদের নারী উদ্যোক্তার বিরুদ্ধে। বিষয়টি সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ভাইরাল হয়েছে। ভোলার চরফ্যাশন উপজেলার চর কলমি ইউনিয়নে এ ঘটনা ঘটে। অভিযুক্ত নারী সুরমা বেগম চর কলমি ইউনিয়ন পরিষদের উদ্যোক্তা। স্থানীয় মো. সজিব ও মো. রায়হান জানান, চর কলমি ইউনিয়নের কয়েকজন নারী ইউনিয়ন পরিষদে আসেন। তারা উদ্যোক্তা সুরমা বেগমের কাছে ফ্যামিলি কার্ডের বিষয়ে জানতে চান। এসময় ফ্যামিলি কার্ডের জন্য আবেদন করতে সুরমা বেগম তাদের কাছে ১০০ টাকা করে দাবি করেন। কিন্তু তাদের ফ্যামিলি কার্ড করে দিতে পারেননি তিনি। কারণ চর কলমি ইউনিয়নটি ফ্যামিলি কার্ডের আওতায় নেই। পরে ভুক্তভোগী নারীরা তাদের কাছ থেকে নেওয়া ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

হতদরিদ্ররা যেন বঞ্চিত না হয়

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) নির্বাচনী ইশতেহারে অন্যতম প্রতিশ্রুতি ছিল দরিদ্র জনগোষ্ঠীর দুর্দশা লাঘবে ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচি। দলটির নেতৃত্বাধীন সরকার ক্ষমতা গ্রহণের এক সপ্তাহের মাথায় সেই প্রতিশ্রুতি বাস্তবায়নের দিনক্ষণ ঘোষণা করেছে, যা জনমনে আশা সঞ্চার করেছে। প্রকাশিত প্রতিবেদনে জানা গেছে, আগামী ১০ মার্চ ফ্যামিলি কার্ড বিতরণের পরীক্ষামূলক কার্যক্রম উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রথম দফায় ১৪টি উপজেলায় একটি করে ইউনিয়নের একটি ওয়ার্ডের হতদরিদ্র, দরিদ্র ও নিম্নবিত্ত নারীরা এই কার্ড পাবেন। কার্ডধারীদের প্রতি মাসে আড়াই হাজার টাকা করে দেওয়া হবে। পর্যায়ক্রমে এই কার্যক্রমের পরিধি বাড়ানো হবে। অতীত অভিজ্ঞতা বলে, এসব কার্ড বিতরণের ক্ষেত্রে নানা অনিয়ম হয়ে থাকে। হতদরিদ্রদের চেয়ে রাজনৈতিক পরিচয়ধারীরা সুবিধা গ্রহণের দৌড়ে এগিয়ে থাকেন। সমাজকল্যাণমন্ত্রী ডা. এ জেড এম জাহিদ হোসেন বলেছেন, বাছাই প্রক্রিয়ায় কোনো অনিয়ম সহ্য করা হবে না। আমরাও চাই, মন্ত্রীর এই আশ্বাসবাণীর যথাযথ বাস্তবায়ন হোক। আরেক প্রতিবেদনে বলা হয়েছে, অদূর ভবিষ্যতে এক কার্ডেই মিলবে রাষ্ট্রীয় সব সুবিধা। মূলত উন্নত দেশের আদলে প্রতিটি নাগরিকের হাতে ‘সামাজিক পরিচিতি কার্ড’ বা ‘সোশ্যাল আইডি কার্ড’ দেওয়ার পরিকল্পনা নিয়েছে সরকার। এখনকার ফ্যামিলি কার্ড পরবর্তী সময়ে সোশ্যাল আইডি কার্ডে রূপ নেবে। টিসিবি, ওএমএস কার্ডসহ অন্যান্য সুবিধা মিলবে সোশ্যাল আইডি কার্ডের মাধ্যমেই। চলতি বছরেই দুই কোটি পরিবারে কার্ড বিতরণের কথা ভাবছে সরকার। শুধু দরিদ্রদের জন্য নয়, বরং ২০৩০ সালের মধ্যে সব নাগরিকের জন্য পরিচিতিমূলক কার্ড বাধ্যতামূলক করা হবে। সরকার বলছে, সোশ্যাল আইডি কার্ডের মাধ্যমে নগদ আর্থিক সহায়তা, স্বাস্থ্য বীমা, শিক্ষা উপবৃত্তি, কৃষি ভর্তুকি, বয়স্ক ভাতা ও পেনশন সুবিধাও পাওয়া যাবে। একজন নাগরিকের জীবনের প্রতি পর্যায়ের তথ্য এতে ধারাবাহিকভাবে যুক্ত হতে থাকবে। একজন শিক্ষার্থী যখন পড়াশোনা শেষ করবে, তখন তথ্য হালগানাগাদ হবে। আবার চাকরি থেকে অবসরে গেলে বা বয়স ৬৫ বছর হলেও তাঁকে প্রবীণ নাগরিকের সুবিধা প্রদান করা হবে। আমাদের প্রত্যাশা, ফ্যামিলি কার্ড বিতরণের ক্ষেত্রে সতর্ক থাকতে হবে, কোনো হতদরিদ্র যেন বঞ্চিত না হয়। সমাজের একেবারে নিচের তলার বাসিন্দারা সরকারের সহায়তা পাবে, তাদের মুখে হাসি ফুটবে এটাই কাম্য।

পৃথিবীর প্রথম স্থাপনা

সৃষ্টির ২ হাজার বছর পূর্বে বিশ্বসমুদ্রে কাবা উপাসনালয়ের স্থানটি একটি পিণ্ডের আকারে অবস্থান করতেছিল। পৃথিবী সৃষ্টির সময় পিণ্ডটিকে কেন্দ্রবিন্দু হিসেবে নির্ধারিত করে পৃথিবীকে বিস্তৃত করা হয়। এই প্রক্রিয়ায় প্রথমে পৃথিবীর সারভাগ, পরে জান্নাত ও সর্বশেষে পৃথিবী সৃষ্টি করা হয়। কুরআনে মাক্কাকে উম্মুল কুর বা নগরসমূহের মাতা বলা হয়েছে। লোকসাহিত্যেও একে পৃথিবীর নাভি বলা হয়।[১] আল কুরআনে মাক্কা সম্পর্কে আল্লহ বলেন, ‘এবং হে নবি! এরূপেই এই আরবি কুরআনকে আমরা তোমার প্রতি অহি করেছি। যেন তুমি সব জনপদের কেন্দ্রস্থল (মাক্কা নগর) এবং তার আশে-পাশের বসবাসকারীদের সাবধান করে দাও এবং একত্রিত হবার দিন সম্পর্কে ভয় দেখাও-যার আগমনে কোনোই সন্দেহ নেই। একদলকে জান্নাতে যেতে হবে আর অপরদলকে জাহান্নামে।’ (সুরা আশ-শুরা ৪২: আয়াত ৭) সম্পূরক কিছু বর্ণনাও এর সাথে সংযোজন করা অযৌক্তিক হবে না। পূর্বেই বলা হয়েছে আদম ও বিবি হাওয়া বেহেশত হতে দুনিয়ায় নির্বাসিত হবার পর অনেক সাধনার পর আরবদেশে উভয়ের মিলন ঘটে। মাক্কায় স্থিত হলে আদম কৃতজ্ঞতা ভরে আল্লহর নিকট প্রার্থনা করেন: ‘‘হে আল্লহ, বেহেশতে অবস্থানকালে ‘বায়তুল মামুর’ নামক যে জ্যোতির্ময় মসজিদে ফেরেশতাদের সাথে আমি নিত্য তোমার ইবাদত করতাম। সেরূপ একটি মসজিদ তুমি আমাকে দাও- যাতে দুনিয়াতেও আমরা তোমার গুণগান করতে পারি।’’ আদমের এই প্রার্থনা আল্লহ কবুল করেন। তখন ফেরেশতাগণ বায়তুল-মামুরের একটি প্রতিকৃতি (tabernacle) দুনিয়ায় নামিয়ে আনেন। আদম সন্তুষ্টচিত্তে সেখানে ইবাদত করতে থাকেন। একটি ঝর্ণাধারাও সেখানে প্রবাহিত হয়। ইহাই সেই পবিত্র ‘জমজম’।[২] প্রসঙ্গে আবুল কাসিম মুহাম্মদ আদমুদ্দীন লিখেছেন: ‘‘হযরত আদম আ. পৃথিবীতে এসে একটি ইবাদতের স্থান নির্দিষ্ট করেন। ইহাই আদি কাবা; পৃথিবীর প্রথম উপাসনালয়। পরবর্তীকালে এই স্থানে একটি গৃহ নির্মিত হয়। নুহ আ. এর সময় তুফান প্লাবনে এই গৃহ বিনষ্ট হয়। তারপর ইসা আ. এর জন্মের ২ হাজার বছর পূর্বে ইবরহিম আ. তাঁহার জ্যেষ্ঠপুত্র ইসমাইল আ. সহযোগে বর্তমান হাতিম নামক স্থান অন্তর্ভুক্ত করে কাবাগৃহ পুনঃনির্মাণ করেন।’’[৩] কাবা শরিফের প্রথম নির্মাণকাল সম্ভবত ইসায়িপূর্ব ৭০০০ অব্দ।

২

পৃথিবীতে অক্ষত একমাত্র অহির কিতাব আল কুরআনেও কাবাঘর সর্বাপেক্ষা সনাতন স্থাপনা হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত। আল্লহ তায়ালা বলতেছেন: ‘‘এবং আমি ইবরহিম ও ইসমাইলকে আদেশ দিলাম: আমার গৃহকে পবিত্র কর।’’[৪] কোনো গৃহের অস্তিত্ব পূর্ব হইতে বিদ্যমান না থাকিলে তা পবিত্র করবার কথা আসতে পারে না। বিশেষ করে ইবরহিম ও ইসমাইলের হাতে যে ঘর নির্মিত হলো, তা যে অপবিত্র ছিলো, এ কথারও কোনো মানে হয় না। কাজেই এখানে যে ইবরহিমের পূর্ববর্তী অবস্থার কথা বলা হচ্ছে, তা একরূপ স্বতঃসিদ্ধ। ইবরহিম কর্তৃক কাবাগৃহের নির্মাণ প্রসঙ্গেও আল কুরআনে যে আয়াত আছে, তাও এই কথারই সমর্থন করে : ‘‘এবং যখন ইবরহিম ও ইসমাইল কাবাগৃহের ভিত উঁচু করতেছিলেন, তখন তিনি প্রার্থনা করলেন: ‘হে আমার প্রভু, আমার এই সুকাজ কবুল কর, নিশ্চয়ই তুমি শ্রোতা এবং সর্বজ্ঞ’।’’[৫] এখানে অধিকাংশ তাফসিরবিজ্ঞানীই ভিত উঁচু করবার অর্থ পুনঃনির্মাণ (rebuild) বলে নির্ধারণ করিয়াছেন। শুধু এটাই নয়, কুরআনের অন্যান্য স্থানেও আল্লহ এই কাবাগৃহকে দুনিয়ার ‘প্রথম গৃহ’ (the first house) বা ‘সর্বাপেক্ষা প্রাচীন গৃহ’ (the ancient house) বলে উল্লেখ করেছেন। যথা: ‘নিশ্চয়ই মানুষের জন্য প্রথম- সুরক্ষিত গৃহ বাক্কার গৃহ (অর্থাৎ কাবা) যা আশীর্বাদপ্রাপ্ত এবং জাতিসমূহের পথপ্রদর্শক।’[৬] ইহা দ্বারা বুঝা যাচ্ছে যে, এই কাবাগৃহই বিশ্বের সর্বপ্রথম গৃহ; এর পূর্বে দুনিয়ায় আর কোনো গৃহ নির্মিত হয় নাই। আদি মানব আদমের সমসাময়িক না হলে কিছুতেই একে ‘মানুষের জন্য প্রথম স্থাপিত গৃহ’ বলা যেত না।[৭]

রসুলুল্লাহর সুন্নাহ থেকেও উহা সুপ্রমাণিত। আল্লহর রসুল স. বলেছেন: ‘‘বিশ্বের সর্বপ্রথম মাসজিদ হলো মাসজিদে হারাম। এর পরের মাসজিদ হলো মাসজিদে আকসা।’’[৮] বর্ণিত আছে, আদম আ. পাঁচটি পাহাড়ের পাথর দিয়ে কাবাগৃহের ভিত্তি স্থাপন করেন। জাবালে হেরা, জুদি, লুবনান, সিনাই ও জাইতুন। ফেরেশতারা এ পাথরগুলো সঞ্চয়-সংগ্রহ করে দেয়।[৯] এক হাদিসে রসুল স. বলেন: ‘‘ আদম আ. ও বিবি হাওয়ার পৃথিবীতে আগমনের পর আল্লহ পাক জিবরাইলের মাধ্যমে তাদের কাবাগৃহ নির্মাণের আদেশ দেন। এ গৃহ নির্মিত হয়ে গেলে তাদের তাওয়াফ করার হুকুম দেওয়া হয় এবং বলা হয় আপনি সর্বপ্রথম মানব এবং এ গৃহ সর্বপ্রথম গৃহ, যা মানবমণ্ডলীর জন্য নির্দিষ্ট করা হয়েছে।’’[১০]

বিভিন্ন তাফসিরবিদদের মতে, মানব সৃষ্টির বহু আগে মহান আল্লহ কাবাঘর সৃষ্টি করেন। তাফসিরবিজ্ঞানী মুজাহিদ বলেন: ‘‘আল্লহ রব্বুল আলামিন বাইতুল্লাহর স্থানকে সমগ্র ভূপৃষ্ঠ থেকে ২ হাজার বছর আগে সৃষ্টি করেন।’ আদম কাবাঘর আল্লহর আদেশে পুনঃনির্মাণ করেন। এরপর বহুদিন অতিক্রম হলো। শত শত বছর অতিবাহিত হলো। আল্লহর বান্দারা কাবাঘর জিয়ারত করত, আল্লহর কাছে হাজিরা দিত এ কাবাঘরে সমবেত হয়ে। কাবাঘরে এসে মহান আল্লহর পবিত্রতা ও অংশীদারহীনতা ঘোষণা দিত। ‘লাব্বাইক আল্লহুম্মা, লাব্বাইক, ইন্নাল হামদা ওয়ান নিয়ামাতা, লাকাওয়াল মুলক, লাশারিকা, লাকা লাববাইক।’ এভাবে চলতে চলতে দিন গত হতে থাকলো। এরপর আদমের ইন্তেকালের পর তাঁর এক বংশধর শিছ আ. কাবাগৃহ নির্মাণ করেন।[১১] বিভিন্ন সূত্রের বিবরণীতে কিছু ভিন্নতা থাকলেও মূলবিষয় কিন্তু একটাই।

৩.

প্রাচ্য-প্রতীচ্যের আধুনিক জ্ঞানী-গুণীদের চিন্তা-চেতনায়ও বিষয়টির অবতারণা ঘটেছে। ইউরোপীয় পণ্ডিত Nicholson তাঁর Literary History of the Arabs গ্রন্থে বলেন: ‘‘Ligend attributes its foundation to Adam who build it by Divine Command after acelestial archetype. At the Deluge it was taken up into heaven, but was rebuilt in its former site by Abraham and Ismail.’’ তরজমা: ধর্মপ্রবাদ এরূপ যে, আদম বেহেশত হতে প্রেরিত একটি প্রতিকৃতির অনুকরণে কাবাগৃহ নির্মাণ করেন। কিন্তু নুহের তুফানের সময় ফেরেশতারা সেটা আসমানে তুলে নেয়, পরে ইবরহিম ও ইসমাইলের দ্বারা ইহা পূর্ব ভিত্তির উপরে পুননির্মিত হয়।

Sir William Muir মনে করেন: A very hight antiquity must be assigned of Mecca Although Herodotus does not refer to the Kaba, yet the names as one of the Chief Arab divinities of the worship at the early period of Al-Lat, the great idol of Mecca. He like wise alludes of the veneration of the Arabs for stones. Diodorus Siculus. Writing about half a century before our era, says of Arabia Washed by the Red Sea: there is in this country a temple greatly revered by Arabs. These words must refer to the holy house of Mecca, for we know of no other which ever commanded suck universal homage. Early Historical Tradition gives no trace of its first construction. Some authorised assert that the Amelikites rebuilt the edifice which they found and retained it for a time under their charge. All agree it was in existance under the Jurham (about the time of the christian era) and being injured by a flood of rain was then repaired. Tradition represents the Scence of Pilgrimage from all quarters of Arabia. তরজমা: অর্থাৎ মাক্কার ধর্মানুষ্ঠান যে অতি প্রাচীন, সে কথা অনস্বীকার্য। যদিও হিরোডাটাসের বিবরণে কাবার উল্লেখ নেই; তবু তিনি আরবদের অন্যতম প্রধান দেবতা ‘আলিলাতের’ উল্লেখ করেছেন। ইহা প্রকৃতপক্ষে আরবদের প্রধান দেবতা। ‘আল-লাতের’ নামান্তর। তিনি আরবদের প্রস্তর প্রীতির কথাও উল্লেখ করেছেন। ডিওডোরাস সিকাউলাস খ্রিস্টপূর্ব অর্ধশতাব্দী পূর্বে লিখে গেছেন: আরব দেশ লৌহিত সাগরের তীরে অবস্থিত। এদেশে একটি বিখ্যাত ধর্মমন্দির আছে। আরবেরা তাকে যথেষ্ট শ্রদ্ধা করে। ইহা নিশ্চয়ই মাক্কার কাবা শরিফের প্রতি ইঙ্গিত। এই মন্দির ছাড়া সে যুগে জগতের অন্য কোথাও কোনো সুবিখ্যাত ধর্মমন্দির ছিলো বলে জানা যায় না। প্রাচীন ঐতিহাসিকের কোনো বিবরণীতেও এর প্রথম নির্মাণকাল সম্বন্ধে জানা যায় না, কোনো কোনো ঐতিহাসিক বলেন: এমেলিকাইটগণ এই মন্দির পুনঃনির্মাণ করেছিল এবং কিছুকাল যাবৎ ইহা তাদের অধীন ছিলো। এ বিষয়ে সবাই একমত যে, খ্রিস্টের জন্মসময়ে এ মন্দির জুরহাম গোত্রের অধীনে ছিলো এবং প্রবল বন্যায় ক্ষতিগ্রস্ত হওয়ার দরুণ তারা এটার সংস্কার সাধন করেছিল। বস্তুত স্মরণাতীতকাল হতে এ মন্দির আরব জাতির ভজনালয়রূপে গণ্য হয়ে আসছে।’[১২] একজন ভারতীয় মনীষী লিখেছেন, ‘কাবা সম্পর্কে বিবলিওথেকা হিস্টোরিকায় উল্লেখ করছেন গ্রিক ঐতিহাসিক দিয়োদরুস সিকুলুস (খ্রিস্টপূর্ব ১০০ অব্দ) এবং টলেমি তাঁর ভূগোলে (৯০-১৬৮ খ্রিস্টাব্দ)।’[১৩]

৪.

মাসজিদুল হারাম শরিফের অস্তিত্ব অতিপ্রাচীনকাল থেকে বিদ্যমান। শুধু তাই নয় দুনিয়ার শেষ তারিখ পর্যন্ত ইহা টিকে থাকবে। মাওলানা মুহাম্মাদ আলি এ সম্বন্ধে বলেছেন: If on the hand, Mecca is declared to be the first house raised on the earth for the worship of the divine being, it is on the other announced to be “Mubarak” which word, though ordinarily rendered as blessed, signifies the continuance for ever of the blessings which a thing possesses and thus it is the first as well as the last house in which the nations of the world have found, and guydance. (The Quran : 171) তরজমা: একদিক যেমন মাক্কার কাবাকে আল্লহর উপাসনার জন্য জগতের সর্বপ্রথম গৃহ বলা হয়েছে, অন্যদিকে একে ‘মুবারক’ বলেও অভিহিত করা হয়েছে। মুবারক শব্দের সাধারণ অর্থ ‘অনুগ্রহ প্রাপ্ত’ কিন্তু এর গূঢ় অর্থ চিরদিনের জন্য ধারাবাহিকভাবে আল্লহর সর্বপ্রথম এবং সর্বশেষ গৃহ; এখানেই বিশ্বের সকল জাতি যুগে যুগে সত্যিকার প্রেরণা এবং পথের দিশা পেয়ে আসছে এবং পাবে।[১৪]

বায়তুল্লাহকে মুদ্রামানে মূল্যায়ন করা অনুচিত। উহা সম্ভবও নয়। তারপরও ব্রিটেনের নামজাদা আবাসন কোম্পানি ‘*হোমস অ্যান্ড প্রোপার্টি*’ পৃথিবীর সবচেয়ে দামি ১০টি ভবনের তালিকা প্রস্তুত করেছে। কোম্পানির তথ্য মতে, মাসজিদ আল-হারামই বিশ্বের সবচেয়ে মূল্যবান ও দামি স্থাপনা।[১৫] আমাদের কাছে মজুত উপরিল্লিখিত তথ্য-উপাত্ত, সাক্ষ্য-প্রমাণাদি, দলিল-দস্তাবেজ থেকে স্থির সিদ্ধান্তে উপনীত হওয়া সম্ভব যে, বায়তুল্লাহই পৃথিবী নামক ভূখণ্ডের প্রথম স্থাপত্যশিল্প।

৫.

বায়তুল্লাহর সার্বজনীনতা সাম্প্রতিককালে আরও বেশি গুরুত্ববহ হয়ে ওঠছে। ‘মহাকাশ থেকে কাবার দৃশ্য দেখে সবাই স্তব্ধ’ শিরোনামের একটি খবর : নাসার অভিজ্ঞ নভোচারী ডন পেটিট মহাকাশের কক্ষপথ থেকে তোলা এক মনোমুগ্ধকর ছবি প্রকাশ করার পর তা ইন্টারনেটজুড়ে ব্যাপক সাড়া ফেলেছে। ২ ডিসেম্বর তাঁর ভেরিফায়েড এক্স অ্যাকাউন্টে প্রকাশ করা ওই ছবিতে সৌদি আরবের পবিত্র মক্কা নগরীকে রাতের অন্ধকার ভেদ করে আলোকিত অবস্থায় দেখা যায়। শহরের কেন্দ্রস্থলে উজ্জ্বল নক্ষত্রের মতো জ্বলজ্বল করছে ইসলাম ধর্মের পবিত্রতম স্থান-কাবা শরিফ। দক্ষ অ্যাস্ট্রো-ফটোগ্রাফার ও রসায়ন প্রকৌশলী পেটিট ছবিটির ক্যাপশনে লেখেন, “মহাকাশের কক্ষপথ থেকে তোলা সৌদি আরবের মক্কা। মাঝের উজ্জ্বল ছোট্ট আলোকবিন্দুটি হলো কাবা শরিফ-ইসলাম ধর্মে সর্বাপেক্ষা পবিত্র স্থান, যা মহাকাশ থেকেও দৃশ্যমান।”

ছবিটিতে পাহাড়ি উপত্যকার মধ্যে বিস্তৃত মক্কা নগরী স্পষ্ট দেখা যায়। গ্র্যান্ড মসজিদ (মসজিদুল হারাম) এলাকা অসংখ্য LED এবং সোডিয়াম লাইটে আলোকিত হওয়ায় পুরো নগরী রাতের বেলায় বিশেষভাবে জ্বলে ওঠে। সেই আলোর উৎসের কেন্দ্রেই অবস্থিত কাবা, যা ছবিতে উজ্জ্বল সাদা বিন্দুর মতো প্রতিফলিত হয়েছে। দর্শকরা এই অনন্য আলোকদৃশ্য দেখে অভিভূত। মহাকাশ থেকে দেখা কাবার আলো একেবারেই আলাদা। মনে হয় যেন পৃথিবীর হৃদয়ের গভীর থেকে কোনো দিব্য আলো ছড়িয়ে পড়ছে।[১৬]

তথ্যনির্দেশ:

১. সংক্ষিপ্ত ইসলামী বিশ্বকোষ, প্রথম খণ্ড, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, পঞ্চম সংস্করণ, মে ২০০৭, পৃষ্ঠা ২৮৮
২. ক) শুয়াব-উল-ইমান; উদ্ধৃত: গোলাম মোস্তফা: বিশ্বনবী, আহমদ পাবলিশিং হাউস, বাংলাবাজার ঢাকা, নভেম্বর ২০০৩, ISBN 984-11-0302-8, পৃষ্ঠা ৩০৩। খ) গোলাম আশরাফ খান উজ্জ্বল: প্রথম মসজিদ কাবা শরীফ, দৈনিক ইনকিলাব, ২৬ আগস্ট ২০১৬
৩. সংক্ষিপ্ত ইসলামী বিশ্বকোষ, প্রথম খণ্ড, পৃষ্ঠা ২৮৩
৪. আল কুরআন: সুরা ২ আল বাকারা: আয়াত ১২৫
৫. আল কুরআন: সুরা ২ আল বাকারা: আয়াত ১২৭
৬. আল কুরআন: সুরা ৩ আল ইমরান: আয়াত ৯৫
৭. গোলাম মোস্তফা: বিশ্বনবী, পৃষ্ঠা ৩০৫
৮. সহিহ মুসলিম: আবু যর গিফারি রা. থেকে বর্ণিত।
৯. ক) পবিত্র কাবা শরিফ: ইতিহাস ও ধর্মীয় ঐতিহ্য, কালের কণ্ঠ ডেস্ক ১৯ সেপ্টেম্বর, ২০১৪। খ) সংক্ষিপ্ত ইসলামী বিশ্বকোষ, প্রথম খণ্ড, পৃষ্ঠা ২৮৭
১০. বায়হাকি, ইবনে কাসির; হাফেজ কারি আজিজ আল কাওসার: পৃথিবীর প্রথম ঘর বায়তুল্লাহ, দৈনিক আমাদের সময়, ০৯ সেপ্টেম্বর ২০১৬
১১. ক) সংক্ষিপ্ত ইসলামী বিশ্বকোষ, প্রথম খণ্ড, পৃষ্ঠা ২৮৭। খ) নিষ্কাম মিত্র: কাবা শরীফের ইতিহাস, দৈনিক সংগ্রাম, শনিবার ২২ সেপ্টেম্বর ২০১২
১২. Sir William Muir: The life of Mohammad pp cii_ ciii, উদ্ধৃত: গোলাম মোস্তফা: বিশ্বনবী, পৃষ্ঠা ৩০৬-৩০৭
১৩. মঈদুল ইসলাম: মক্কার প্রাচীন ও নবীন ইতিহাস (প্রবন্ধ-পুস্তক পরিচয় ১), আনন্দবাজার, কলকাতা, ১৮ জুলাই ২০১৫
১৪. গোলাম মোস্তফা: বিশ্বনবী, পৃষ্ঠা ৩০৬
১৫. Currentnews.com.bd, ২৭ ডিসেম্বর ২০১৬, মিরপুর, পল্লবী, ঢাকা ১২১৬
১৬. শেয়ার নিউজ, বারিধারা ঢাকা, ০৫ ডিসেম্বর ২০২৫; sharenews24.com/article/112521/index.html

লেখক: ইতিহাস গবেষক

বানারীপাড়ায় আ.লীগের বন্ধ

জানান, “আওয়ামী লীগের কোনো নেতাকর্মী প্রকাশ্যে এর দায় স্বীকার করেননি। বিষয়টি গুরুত্বসহকারে দেখা হচ্ছে।” কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের কর্মকাণ্ডের ওপর বিশেষ নজরদারি এবং ঘটনার তদন্ত চলমান রয়েছে বলে জানান ওসি।

গণমাধ্যমের স্বাধীনতা ও জবাবদিহিতা

জেলা প্রশাসন ও বিআরটিএ ট্রাস্টি বোর্ড এই অনুষ্ঠানের আয়োজন করে। এ সময় ৬১ জন ক্ষতিগ্রস্তকে ২ কোটি ১৭ লাখ টাকার চেক দেওয়া হয়। জহির উদ্দিন এ সময় আরও বলেন,‘সামগ্রিকভাবে গণমাধ্যমের ব্যবস্থাপনাকে আমরা একটা আধুনিক ব্যবস্থাপনার মধ্যে আনতে চাচ্ছি। সে কারণেই শুধু বিশেষ কোনো অনলাইন বা ইলেকট্রনিক অথবা প্রিন্ট এভাবে ভাগ ভাগ না করে, আমরা একটু পিছিয়ে আছি, আধুনিক যে প্রযুক্তিনির্ভর বিশ্বব্যবস্থা এবং এই ইকোসিস্টেমের মধ্যে, আমাদের নতুন গণমাধ্যম এর মধ্যে যুক্ত হতে পারেনি। আমাদের তথ্য মন্ত্রণালয় যখন গড়ে উঠেছে, সেটা যে আমলে, তখন এ ধরনের তথ্যপ্রযুক্তিভিত্তিক গণমাধ্যম ছিল না। আবার এখন যে ধরনের তথ্যপ্রযুক্তিভিত্তিক ও নতুন কমিউনিকেশন টেকনোলজিভিত্তিক গণমাধ্যমের প্রসার হয়েছে, এটার সঙ্গে যেভাবে খাপ খাওয়ানো দরকার, তাও এত দিনে হয়ে ওঠেনি।’ তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেন, ‘আমি কেবল দায়িত্ব নিয়েছি। মন্ত্রণালয় ও সরকারের নীতিনির্ধারক সবার সঙ্গে আলাপ-আলোচনা করে ধীরে ধীরে জনগণের কাছে তথ্যের একটা অবাধ সরবরাহ নিশ্চিত করা এবং সাংবাদিক ও সংশ্লিষ্ট সব অংশীদারের মতামতের ভিত্তিতেই আমরা জবাবদিহির পরিধি প্রথমে নির্ধারণ করব। তারপর সেই পরিধির মধ্যে আমরা সর্বোচ্চ স্বাধীনতাকে নিশ্চিত করব।’ এ সময় বরিশাল জেলা প্রশাসক খায়রুল আলম সুমন, পুলিশ সুপার ফারজানা ইসলামসহ অন্য সরকারি কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

জামায়াতের হাত ধরেই সমাজে

খেলাফত প্রতিষ্ঠার জন্য সুতরাং আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন কায়েমের জন্য আমাদের কাজ করতে হবে। আমরা মানুষকে সৎ কাজের আদেশ ও অসৎ কাজ থেকে বিরত রাখার জন্য চেষ্টা করবো। এই রমজান মাসে অবনত মস্তিষ্কে আল্লাহর দরবারে হাজির হতে হবে, আল্লাহর বান্দাগন সম্পদ ইচ্ছা মত আয় করতে পারবে না ইচ্ছামত ব্যায়ও করতে পারবে না এটা রমজানের শিক্ষা। রমজান আমাদের শিক্ষা দেয় আমরা গরীব এবং অসহায় মানুষের পাশে দাড়ানোর জন্য, আমরা রমজানের শিক্ষা কাজে লাগিয়ে অভাবগ্রস্থ মানুষের পাশে দাড়াবো। থানা সেক্রেটারি হাফেজ জাবের হাসানের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন থানার সহকারী সেক্রেটারি অধ্যাপক জাহাঙ্গীর কবির, থানা কর্মপরিষদ সদস্য সৈয়দ মোহাব্বত উল্লাহ মাহেত, বায়জীদ বোস্তামী, আব্দুস সত্তার, মোকসেদুর রহমান, ৮ নং ওয়ার্ড সভাপতি মাওলানা মাসুম বিল্লাহ, ৯ নং ওয়ার্ড সভাপতি হাফেজ আনোয়ার হোসাইন, ১৭ নং ওয়ার্ড সভাপতি মিজানুর রহমান, ১৯ নং ওয়ার্ড সভাপতি জিল্লুর রহমান ও ২০ নং ওয়ার্ড সভাপতি সাইয়েদ আহমেদ খান প্রমুখ নেতৃবৃন্দ।

ফিলিস্তিনি ভূখণ্ড দখলে ইসরায়েলি

পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। এসময় অধিকৃত ফিলিস্তিনি ভূখণ্ড সংযুক্ত করার উদ্দেশ্যে ইসরায়েলের সাম্প্রতিক ভূমি ক্রয়সংক্রান্ত আইনকে দ্ব্যর্থহীনভাবে নিন্দা জানান পররাষ্ট্রমন্ত্রী। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। পররাষ্ট্রমন্ত্রী বলেন, ১৯৬৭ সালের সীমান্ত চুক্তি অনুযায়ী পূর্ব জেরুজালেমকে রাজধানী করে স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠাই চলমান সংকটের একমাত্র টেকসই সমাধান। জেদ্দায় অনুষ্ঠিত বৈঠকে তিনি বলেন, এই আইন ফিলিস্তিনি ভূখণ্ডের আইনগত ও জনমিতিক চরিত্র পরিবর্তনের লক্ষ্যেই নেওয়া হয়েছে, যার মধ্যে আল-কুদস আল-শরিফও অন্তর্ভুক্ত। পররাষ্ট্রমন্ত্রী গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, পশ্চিম তীরে ভূমি ক্রয় সহজ করা এবং ভূমি নিবন্ধন উন্মুক্ত করার সিদ্ধান্ত ফিলিস্তিনি ভূমির মালিকদের ভয়ভীতি ও হয়রানির ঝুঁকিতে ফেলছে। এসব পদক্ষেপ আন্তর্জাতিক আইনের স্পষ্ট লঙ্ঘন এবং ন্যায়ভিত্তিক ও স্থায়ী শান্তি প্রতিষ্ঠার ভিত্তিকে দুর্বল করছে। তিনি জোর দিয়ে বলেন, ১৯৬৭ সালের সীমান্ত অনুযায়ী দুই-রাষ্ট্র সমাধানের ভিত্তিতে পূর্ব জেরুজালেমকে রাজধানী করে একটি স্বাধীন ও সার্বভৌম ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠাই দীর্ঘদিনের এই সংকটের কার্যকর সমাধান হতে পারে। ইসরায়েলের ভূমি-সংক্রান্ত আইন প্রত্যাখ্যান করে ফিলিস্তিনিদের ভূমি অধিকার নিশ্চিত করার আহ্বান জানান তিনি। একই সঙ্গে গাজায় স্থায়ী যুদ্ধবিরতি, আন্তর্জাতিক মানবিক সহায়তাকর্মীদের জন্য অবাধ ও শর্তহীন প্রবেশাধিকার এবং ক্ষতিগ্রস্ত নারী, পুরুষ ও শিশুদের কাছে জরুরি মানবিক সহায়তা পৌঁছানোর দাবি জানান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। বৈঠকে তিনি বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের পক্ষ থেকে মুসলিম উম্মাহর প্রতি রমজানের শুভেচ্ছা জানান। তিনি বলেন, নবনির্বাচিত গণতান্ত্রিক সরকার ওআইসি সদস্য রাষ্ট্রগুলোর সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করতে আগ্রহী। ওআইসি বৈঠকের সাইডলাইনে পররাষ্ট্রমন্ত্রী পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী সিনেটর মোহাম্মদ ইসহাক দার, গাম্বিয়ার পররাষ্ট্রমন্ত্রী সেরিং মদু এনজি, ফিলিস্তিনের পররাষ্ট্রমন্ত্রী ড. ভারসেন ওহানেস ভার্তান আগাবেকিয়ান, তুরস্কের উপ-পররাষ্ট্রমন্ত্রী রাষ্ট্রদূত মুসা কুলাকলিকায়া এবং সৌদি আরবের উপ-পররাষ্ট্রমন্ত্রী ওয়ালিদ এ এলখরেইজির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। এসব বৈঠকে ওআইসি সদস্য রাষ্ট্রগুলোর প্রতিনিধিরা বাংলাদেশের জাতীয় নির্বাচন সফলভাবে সম্পন্ন হওয়ায় সরকার ও জনগণকে অভিনন্দন জানান। তারা বাংলাদেশ জাতীয়তাবাদী দলের বিজয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানকে শুভেচ্ছা জানান। একই সঙ্গে তারা নতুন সরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেন। পররাষ্ট্রমন্ত্রী এসব বৈঠকে সরকারের পররাষ্ট্রনীতি, বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণ, রোহিঙ্গা সংকটের সমাধান এবং ওআইসি সচিবালয়ের কার্যকারিতা বাড়ানোর বিষয়ে বাংলাদেশের অগ্রাধিকার তুলে ধরেন। একই সঙ্গে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনে সভাপতি পদে বাংলাদেশের প্রার্থিতার প্রতি জোরালো সমর্থন ব্যক্ত করেন অংশগ্রহণকারী দেশগুলোর প্রতিনিধিরা। বৈঠকগুলোতে প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির, পররাষ্ট্র মন্ত্রণালয়ের আন্তঃসরকারি সংস্থা বিষয়ক সচিব এম ফরহাদুল ইসলাম এবং ওআইসিতে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি এম জে এইচ জাবেদ পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে ছিলেন।

গণমাধ্যম শক্তিশালী না হলে গণতন্ত্রও

নিরাপত্তা নিশ্চিত করতেই হবে। সাংবাদিকতার মানোন্নয়নে প্রশিক্ষণ, নীতিমালা প্রণয়ন এবং পেশাগত জবাবদিহিতা নিশ্চিত করার ওপরও গুরুত্বারোপ করেন মন্ত্রী। তিনি বলেন, সাংবাদিক কে হবেন এবং কী যোগ্যতায় সাংবাদিকতা করবেন সেই সংজ্ঞা নির্ধারণে সাংবাদিক সমাজের মতামতই প্রাধান্য পাবে। গণমাধ্যম নিজের জবাবদিহিতা নিজেই নিশ্চিত করবে, আর রাষ্ট্র নিশ্চিত করবে স্বাধীনতা। আমরা সমালোচনাকে ভয় পাই না গঠনমূলক সমালোচনা আমাদের পথ দেখায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বরিশাল প্রেস ক্লাব-এর সভাপতি আমিনুল ইসলাম খসরু। উপস্থিত ছিলেন বরিশাল রেঞ্জের ডিআইজি মনজুর মোরশেদ, বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার শফিকুল ইসলাম, জেলা প্রশাসক খাইরুল আলম সুমন, জেলা পুলিশ সুপারসহ প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা। অনুষ্ঠান শেষে দেশ ও জাতির কল্যাণ কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। বক্তারা বলেন, গণমাধ্যমের স্বাধীনতা রক্ষা এবং পেশাগত মর্যাদা নিশ্চিত করতে সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে।

বাবুগঞ্জ ও গৌরনদী মহাসড়কে

কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন বলে জানা গেছে। দুর্ঘটনার পর বাবুগঞ্জ ফায়ার সার্ভিসের একটি দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধারকাজ পরিচালনা করে এবং আহতদের বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালসহ নিকটস্থ বিভিন্ন হাসপাতালে পাঠানো হয়। বাবুগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের টিম লিডার জাহিদুল ইসলাম বলেন, আমরা খবর পাওয়ার সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠিয়েছি। বাবুগঞ্জ থানার ওসি শেখ মো. এহতেশামুল ইসলাম জানান, দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে যাই। বর্তমানে সড়কে যান চলাচল স্বাভাবিক রয়েছে। নিহত চালকের মরদেহ শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে রাখা আছে। এদিকে দুর্ঘটনার খবর পেয়ে বাবুগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা আসমা উল হুসনা দ্রুত ঘটনাস্থল পরিদর্শন করেন। তিনি বলেন, আমি দুর্ঘটনাস্থল পরিদর্শন করেছি এবং হাসপাতালে ভর্তি আহতদের খোঁজ নিয়েছি। তাদের চিকিৎসা নিশ্চিত করতে চিকিৎসকদের সঙ্গে কথা বলছি। পাশাপাশি সড়ক স্বাভাবিক রাখতে পুলিশকে নির্দেশনা দেওয়া হয়েছে। অপরদিকে গৌরনদী উপজেলায় ঢাকা-বরিশাল মহাসড়কে ট্রলি ও অ্যাম্বুলেন্সের মুখোমুখি সংঘর্ষে একজন নিহত এবং অন্তত সাতজন আহত হয়েছেন। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) দুপুরে মহাসড়কের মাহিলাড়া এলাকার আকন বাড়ির সামনে ঘটনা ঘটে। হাইওয়ে পুলিশ জানায়, ট্রলি ও অ্যাম্বুলেন্সের মুখোমুখি সংঘর্ষে অ্যাম্বুলেন্সের সামনের অংশ ক্ষতিগ্রস্ত হয় এবং ঘটনাস্থলেই চালক নাইমুল ইসলাম (৩৫) মারা যান। আহতদের মধ্যে রয়েছেন- ভোলার দৌলতখান এলাকার মো. ইব্রাহীম, আসমা বেগম, ইয়াকুব হোসেন, সুমি বেগম, সানজিদা খানম, শাকিল হোসেন ও প্রদীপ। স্থানীয়রা জানান , ঢাকা থেকে রোগী ও স্বজনদের নিয়ে বরিশালের দিকে আসা অ্যাম্বুলেন্সটির সঙ্গে মহাসড়কে মালবাহী একটি ট্রলির মুখোমুখি সংঘর্ষ হয়। এতে অ্যাম্বুলেন্সচালক নিহত ও সাতজন যাত্রী গুরুতর আহত হন। খবর পেয়ে হাইওয়ে থানা পুলিশ ও ফায়ার সার্ভিসের কর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করে বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠায়। বিসমিল্লাহ অ্যাম্বুলেন্স সার্ভিসের অ্যাম্বুলেন্সটি দুর্ঘটনায় পড়ে বলে জানান গৌরনদী হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামীম শেখ। তিনি বলেন,অ্যাম্বুলেন্সটি মহাসড়কের মাহিলাড়া এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা ইটের খোয়া বোঝাই একটি বড় ট্রলির সঙ্গে সংঘর্ষ হয়। দুর্ঘটনাকবলিত দুইটি যানবাহন জব্দ করা হয়েছে এবং নিহত চালকের মরদেহ মর্গে পাঠানো হয়েছে।

রমজানের শিক্ষা: আল্লাহর

কুরআনের সূরা আরাফের ১৫৬ নম্বর আয়াতে আল্লাহ ইরশাদ করেছেন, আমার রহমত প্রতিটি বস্তুকে পরিব্যাপ্ত করে আছে। রমজানের এই দশটি দিন আমাদের সেই পরম রহমতের চাদরে আবৃত হওয়ার সুযোগ করে দেয়। তবে এই রহমত লাভের প্রধান শর্ত হলো নিজের গুনাহের জন্য লজ্জিত হওয়া এবং কায়মনোবাক্যে ক্ষমা প্রার্থনা করা। রাসুলুল্লাহ (সা.) এই দশকের গুরুত্ব বোঝাতে গিয়ে অধিক পরিমাণে ইয়া আরহামার রাহিমীন (হে পরম করুণাময়) বলে ডাকতে এবং আল্লাহর রহমত ভিক্ষা করতে উৎসাহিত করেছেন। সিয়াম সাধনার এই ১০টি দিন আমাদের শেখায় যে, মানুষ হিসেবে আমরা ভুল ও পাপে নিমজ্জিত থাকলেও আল্লাহর রহমতের দুয়ার সবসময় খোলা। আজকের এই দিনে আমাদের উপলব্ধি করা প্রয়োজন যে, আল্লাহর রহমত ছাড়া আমাদের ইবাদত-বন্দেগি কোনোটিই কবুল হওয়ার যোগ্য নয়। তাই রহমতের এই শেষ মুহূর্তে আমাদের উচিত দুই হাত তুলে রবের কাছে আর্তনাদ করা, যেন তিনি আমাদের সারা বছরের পঙ্কিলতা মুছে দিয়ে তাঁর প্রিয় বান্দাদের অন্তর্ভুক্ত করে নেন। রহমতের এই ধারায় সিক্ত হয়েই আমরা প্রবেশ করব মাগফিরাত বা ক্ষমার পরবর্তী দশকে, যা একজন মুমিনকে জান্নাতের পথে আরও এক ধাপ এগিয়ে নিয়ে যাবে।

লেখক: বিশেষ প্রতিবেদক, দৈনিক কীর্তনখোলা

সাকিবের ভক্তরা দুদকে

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) সন্ধ্যায় রাজধানীর শ্যামপুরে এনসিপির ইফতার মাহফিল শেষে তিনি এ তথ্য জানান। আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেন, ‘সাকিব আল হাসানকে খেলতে না দেওয়ার কারণে তার ভক্তরা দুদকে মব সৃষ্টি করে। খেলতে না দেওয়া যদি অপরাধ হয়, তাহলে আমি অপরাধী।’ এর আগে ইফতার মাহফিলে দেওয়া বক্তব্যে তিনি বলেন, ‘নাগরিক সমস্যা সমাধানের মধ্যে দিয়ে নতুন রাজনীতির বিনির্মাণ করতে চায় এনসিপি। আগামী স্থানীয় সরকার নির্বাচনকে লক্ষ্য রেখেই নিয়মিত গণসংযোগ চলছে।’ ওয়ার্ডভিত্তিক সমস্যা চিহ্নিত করে তা সমাধানে এনসিপি কাজ করবে বলেও আশাবাদ ব্যক্ত করেন আসিফ। এসময় এনসিপির ওয়ার্ডভিত্তিক এবং কেন্দ্রীয় পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন। এর আগে বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) দুপুরে দুর্নীতি দমন কমিশন (দুদক) কার্যালয়ে গিয়ে সাবেক আসিফ মাহমুদের বিরুদ্ধে অভিযোগ দাখিল করে আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য ও ক্রিকেটার সাকিব আল হাসানের একদল ভক্ত। দুদক সূত্র জানায়, বৃহস্পতিবার দুপুরে হঠাৎ করে ২০-৩০ জনের একটি দল সাকিব আল হাসানের পক্ষে স্লোগান দিতে দিতে দুদক কার্যালয়ে জড়ো হয়। পরে তারা অভিযোগ জমা দেয়।

মন্ত্রী পর্যায়ে কাঁচা কথাবার্তা

করেছেন জাতীয় সংসদের প্রধান বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান। তিনি বলেছেন, এই মুহূর্তে সরকার দলের কিছু গুরুত্বপূর্ণ দায়িত্বশীল ব্যক্তি, এমনকি মন্ত্রী পর্যায় থেকে এমন কিছু কাঁচা কথাবার্তা বলেছেন, যেটা সমাজকে এখন অস্থির করে তুলছে এবং অপরাধকে উসকে দিচ্ছে। এই সমস্ত দায়িত্বজ্ঞানহীন কাণ্ডকারখানা চলতে থাকলে এই দেশ ভালোর দিকে যাবে কীভাবে? শুক্রবার সিলেটে নগরীর কুদরত উল্লাহ মসজিদে জুমার নামাজ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব মন্তব্য করেন শফিকুর রহমান। গত কয়েক দিন ধরে দেশে কিছু বিদ্যমান সমস্যা দেখা যাচ্ছে। মানুষের জীবনের নিরাপত্তা দারুণভাবে বিঘ্নিত হচ্ছে বলে জানান তিনি। প্রধান বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান বলেন, ‘আমরা সরকারের দৃষ্টি আকর্ষণ করব, এদিকে সরকার যেন যথাযথ মনোযোগ দেয়। বিশেষ করে সরকারদলীয় কেউ যেন এই অপরাধীদের পাশে না দাঁড়ায়। যদি অপরাধীদের পাশে সরকারি দলের লোকেরা দাঁড়ানো শুরু করেন, তাহলে এই সমাজ থেকে অপরাধ দূর করা একেবারেই অসম্ভব। তারা যদি সদিচ্ছার পরিচয় দিতে পারেন, সমাজটা ভালো হবে।’ রাষ্ট্রপতির অভিশংসন প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে জামায়াত আমির বলেন, ‘আমরা এ ব্যাপারে এখনো দলীয় ফোরামে সে রকম কিছু বা বড় পরিসরে আলোচনা করি নাই। আমরা সবগুলা বিষয়ে আলাপ-আলোচনা করে যেটা দেশের জন্য কল্যাণকর হবে, মঙ্গলজনক হবে, সেই সিদ্ধান্ত নেব।’ শফিকুর রহমান বলেন, ‘সরকার যদি কোনো ভালো কাজ করে উদ্যোগ নেয়, অবশ্যই আমাদের সমর্থন পাবে। কিন্তু সরকার যদি জনগণের ক্ষতি করে, পরিবেশের ক্ষতি করে এবং আল্লাহর দ্বীনেরও কোনো ব্যাপারে যদি সরকার বিপক্ষে দাঁড়িয়ে যায়, আমরা সেখানে ছাড় দিয়ে কথা বলব না।’

অর্থনীতি পুনরুদ্ধারে ট্যাক্স

খসরু মাহমুদ চৌধুরী। শুক্রবার বিকেলে চট্টগ্রামের পতেঙ্গায় হাসপাতালের জন্য জায়গা পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। অর্থনীতি বর্তমানে কঠিন পরিস্থিতির মধ্যে আছে, এখান থেকে উত্তরণে অগ্রাধিকার ভিত্তিতে কী করবেন সাংবাদিকেরা এ বিষয়ে জানতে চাইলে মন্ত্রী বলেন, ‘প্রায়োরিটি তো ট্যাক্স বাড়াতে হবে। ট্যাক্স বাড়ানোর মাধ্যমে ইনভেস্টমেন্ট বাড়াতে হবে। দেশি-বিদেশি ইনভেস্টমেন্ট বাড়াতে হবে। আমাদের একটি অন্যতম কর্মসূচি কর্মসংস্থান। বিনিয়োগ হলে কর্মসংস্থান বাড়বে।’ শিক্ষা, স্বাস্থ্য ও কর্মসংস্থান আসছে বাজেটের অগ্রাধিকার পাবে বলেও জানান অর্থ ও পরিকল্পনামন্ত্রী। চট্টগ্রামের পতেঙ্গা থানাধীন জেলে পাড়া এলাকায় প্রস্তাবিত সরকারি হাসপাতাল নির্মাণের লক্ষ্যে নির্ধারিত জমি সরেজমিনে পরিদর্শন করেছেন মন্ত্রী। বিকেল ৩টায় মন্ত্রী বানৌজা উল্কার আবাদ অঞ্চল-২-এর পশ্চিম পার্শ্বে অবস্থিত মেরিন ড্রাইভ সংলগ্ন মুসলিমাবাদ এলাকায় বাংলাদেশ নৌবাহিনীর অধিগ্রহণকৃত জমি পরিদর্শনের উদ্দেশ্যে উপস্থিত হন। পরে তিনি পতেঙ্গায় একটি সরকারি হাসপাতাল নির্মাণের লক্ষ্যে নৌবাহিনীর অধিগ্রহণকৃত মোট ১৪ দশমিক ২১৯০ একর এবং ২ দশমিক ৭ একর জমি সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল রিয়ার অ্যাডমিরাল মো. মঈনুল হাসান মন্ত্রীকে জমির অবস্থান, ভৌগোলিক পরিবেশ, যোগাযোগ ব্যবস্থা, পারিপার্শ্বিক অবকাঠামোগত সুবিধা এবং ভবিষ্যৎ উন্নয়ন সম্ভাবনা সম্পর্কে বিস্তারিতভাবে অবহিত করেন। এ সময় অধিনায়ক বানৌজা উল্কা, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ), জেলা প্রশাসক কার্যালয় এবং সংশ্লিষ্ট ভূমি অফিসের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এ ছাড়া আরও উপস্থিত ছিলেন মহানগর বিএনপির যুগ্ম আহ্বায়ক মোহাম্মদ নিয়ে ভোলা, সদস্য সরফরাজ কাদের রাসেল।

জুমা শেষে শিশুদের সঙ্গে

চোখের মুখোমুখি হলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রাজধানীর নৌবাহিনী সদরদপ্তর মসজিদের সামনে তখন এক অন্যরকম আবহ। কোনো প্রটোকল বা গাম্ভীর্য নয়, বরং শিশুদের সঙ্গে পরম মমতায় মিশে গেলেন দেশের সরকার প্রধান। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) জুমার নামাজ শেষে নেভি হেডকোয়ার্টার মসজিদের সামনে শিশুদের সঙ্গে প্রধানমন্ত্রীর এ আলাপচারিতার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে এখন রীতিমতো ভাইরাল। মসজিদ চত্বরে প্রধানমন্ত্রীকে দেখা মাত্রই একদল শিশু-কিশোর তাকে ঘিরে ধরে। শিশুদের চোখেমুখে তখন বিস্ময় আর আনন্দ। এরই মধ্যে একজন সাহসী হয়ে প্রশ্ন করে বসলো 'আংকেল, আপনি কি রোজা রেখেছেন?' শিশুর এ নিষ্পাপ প্রশ্নে মুচকি হাসলেন প্রধানমন্ত্রী। পরম মমতায় উত্তর দিলেন 'জ্বি, আমি সবগুলো রোজা রেখেছি।' প্রধানমন্ত্রীর উত্তর শুনে উপস্থিত শিশুদের মধ্যেও শুরু হয় রোজা রাখার গল্প। একে একে সবাই বলতে শুরু করে তারা কে কয়টি রোজা রেখেছে। এক শিশু বেশ বুক ফুলিয়ে দাবি করলো সে সবগুলো রোজা রেখেছে। কিন্তু বিপত্তি বাধলো তার বন্ধুর এক মন্তব্যে। পাশ থেকে বন্ধুরা একযোগে বলে উঠলো 'না না, ও তো আজ সকালেই খেয়েছে, ও আজ রোজা নেই!' বন্ধুদের এমন 'ফাঁস' করে দেওয়া মন্তব্যে শিশুটি কিছুটা বিব্রত হয়ে পড়লেও তারেক রহমান হাসিমুখে তাকে কাছে টেনে নেন। মাথায় হাত বুলিয়ে আদর করে জানতে চান আসলে সে কয়টি রোজা রেখেছে। তখন শিশুটি লাজুক কণ্ঠে স্বীকার করে 'আজকের একটা রোজা বাদে সবগুলো রেখেছি।' শিশুদের এ সরলতা আর রোজা রাখার প্রচেষ্টায় মুগ্ধ হন প্রধানমন্ত্রী। তিনি শিশুদের এ ধর্মীয় অনুরাগের প্রশংসা করেন। উপস্থিত প্রতিটি শিশুর মাথায় হাত বুলিয়ে দোয়া করে দেন তিনি। দেশের সরকার প্রধানকে এতটা কাছে পেয়ে এবং তার সঙ্গে প্রাণ খুলে কথা বলতে পেরে শিশুদের আনন্দের সীমা ছিল না। সামাজিক যোগাযোগমাধ্যমে ভিডিওটি শেয়ার করে নেটিজেনরা বলছেন, সাধারণ মানুষের সঙ্গে, বিশেষ করে শিশুদের সঙ্গে প্রধানমন্ত্রীর এমন সাবলীল ও মানবিক আচরণ সত্যিই প্রশংসনীয়।

বরগুনায় হ্যান্ডকাফ পরা

কোস্টগার্ডের স্টেশনে নিয়ে আসার পথে রাত আনুমানিক ১২ টার দিকে হ্যান্ডকাফ পরা অবস্থায় মাসুদ মাঝি বিষখালী নদীতে ঝাঁপ দেয়। এরপর তিনি নিখোঁজ হন। তবে এই ঘটনার প্রেক্ষিতে কোস্টগার্ডের তরফ থেকে স্পষ্ট বক্তব্য দেওয়া হয়নি। বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বলেন, বৃহস্পতিবার রাতে বিপুল পরিমান মাছ এবং ট্রলারসহ মাঝি মাসুদ খলিফা ও মিস্ত্রী মুনসুরকে আটক করে কোস্টগার্ডের সদস্যরা। পরে কোস্টগার্ড ক্যাম্পে নিয়ে আসার পথে বিষখালী নদীতে হ্যান্ডকাফসহ লাফিয়ে পড়েছে। এখন পর্যন্ত নিখোঁজ মাঝির সন্ধান পাওয়া যায়নি। নিখোঁজ মাঝি মাসুদ খলিফার স্ত্রী নুপুর বেগম বলেন, রাত ১২ টার দিকে কোস্টগার্ডের ৩ থেকে ৪ জন লোক বাসায় এসে তল্লাশি চালায় এবং আমার কাছ থেকে ভিডিওতে বক্তব্য নেয়। ওই ট্রলারের অপর জেলে ইয়াছিন মিয়া বলেন, রাত সাড়ে ৬টার দিকে ট্রলারের কাছে এসে মাঝি ও মিস্ত্রীকে আটক করে। ঐ সময় কোস্টগার্ডের সদস্যরা মাসুদ মাঝির দুই হাত পিছমোড়া করে বেঁধে ট্রলারে উঠিয়ে নিয়ে যায়। পরে আমরা শুনলাম যে মাসুদ মাঝি নাকি ট্রলার থেকে লাফিয়ে পড়েছে। বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতি ও নিখোঁজ জেলের স্বজনদের দাবির প্রেক্ষিতে কোস্টগার্ডের স্টেশনের বোর্ড পুলে গিয়ে স্টেশন কমান্ডার কাওছারের বক্তব্য জানতে চাইলে তিনি জানান, অফিসিয়াল আনুষ্ঠানিকতা শেষ করে এই বিষয়ে বক্তব্য জানানো হবে। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা হাসিবুল হক বলেন, কোস্টগার্ডের অভিযান চালিয়ে মাছ, ট্রলার ও দুই জেলেকে আটক করে। মাসুদ খলিফা নামের একজন নদীতে ঝাঁপ দেয় এমন খবর পাওয়া গেছে। আটক ট্রলার ও জেলেদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

অনুমতি ছাড়া শিক্ষকরা অন্য

উপজেলায় আইন-শৃঙ্খলা কমিটির সভা শেষে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, শিক্ষকতা একটি মহান ও দায়িত্বশীল পেশা। শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হলে শিক্ষকদের পুরো সময় ও মনোযোগ শিক্ষাপ্রতিষ্ঠানের কার্যক্রমে দিতে হবে। সরকারি বিধিমালা লঙ্ঘন করে কেউ যদি অন্য পেশায় সম্পৃক্ত হন, তবে তা শিক্ষা ব্যবস্থার জন্য ক্ষতিকর হতে পারে। শিক্ষামন্ত্রী আরও বলেন, কোনো শিক্ষা প্রতিষ্ঠানে দায়িত্বে অবহেলা, অনিয়ম বা দুর্নীতির অভিযোগ পাওয়া গেলে গণমাধ্যম তা প্রকাশ করতে পারে। গণমাধ্যমের প্রকাশিত প্রতিবেদন কিংবা অন্য কোনো মাধ্যমে অভিযোগ পাওয়ার পর বিষয়টি যাচাই-বাছাই করে সত্যতা প্রমাণিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। তিনি বলেন, আইনের ঊর্ধ্বে কেউ নন। শিক্ষার পরিবেশ সুরক্ষিত রাখতে প্রয়োজনীয় সব পদক্ষেপ নেওয়া হবে। এ সময় প্রশাসনের বিভিন্ন কর্মকর্তা, জনপ্রতিনিধি ও রাজনৈতিক নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

চরফ্যাশনে ফ্যামিলি কার্ডের জন্য ১শ

টাকা ফেরত চান। এ বিষয়ে নারী উদ্যোক্তা সুরমা বেগম জানান, তিনি তাদের আবেদন করিয়ে দেবেন বলে পরিচিতদের কাছ থেকে ১০০ টাকা করে নিয়েছেন। কিন্তু পরে সেটা তিনি ফেরত দিয়ে দিয়েছেন। তিনি দাবি করেন, পরিশ্রম করে টাকা নিলে দোষের কিছু নয়। চর কলমি ইউনিয়ন পরিষদের প্রশাসক খলিলুর রহমান বলেন, বিষয়টি তিনি স্থানীয়দের কাছে শুনে সুরমা বেগমের কাছে জানতে চাইলে তিনি তার অপরাধের জন্য ক্ষমা চেয়েছেন। তিনি আরও জানান, চর কলমি ইউনিয়ন পরিষদের নারী উদ্যোক্তা সুরমা বেগমের বিরুদ্ধে ব্যবস্থা নিতে তিনি চরফ্যাশন উপজেলা নির্বাহী কর্মকর্তাকে জানিয়েছেন। আশা করা যায়, সুরমা বেগমের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

কুয়াকাটায় আগুনে ভস্মীভূত

ও রেজাউলের কাপড়ের দোকান, মিলনের মুদি মনোহরী দোকান, শহীদের ঝিনুকের দোকান, মিলনের জেনারেটরের দোকান ও আসলামের চায়ের দোকান পুড়ে ছাই হয়ে যায়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের ১ টি টিম ঘটনাস্থলে পৌঁছে প্রায় এক ঘন্টা প্রচেষ্টার পর আগুন নিয়ন্ত্রনে আনে। আগুনে প্রায় অর্ধকোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। তবে কিভাবে আগুনের সূত্রপাত হয়েছে সেটি নিশ্চিত করতে পারেনি কেউ। খাবার হোটেলের মালিক সালমা বলেন, প্রথম যখন আগুন সূত্রপাত হয় তখন যদি কাছাকাছি পানি থাকতো অথবা আমাদের এলাকায় ফায়ার সার্ভিস থাকতো তাহলে আমাদের এত বড় সর্বনাশ হতো না। ফায়ার সার্ভিসের সদস্যরা এখানে এসেও পানির কারণে আগুন নিভাতে অনেক কষ্ট হয়েছে। একেবারে সৈকত থেকে তাদের পানি আনতে হয়েছে।আগুনে আমার শেষ সম্বল টুকু হারিয়ে ফেললাম। এখন কি করবো সেটাই ভেবে পাচ্ছিনা। চা দোকানী আসলাম হোসেন বলেন, চায়ের দোকান দিয়েই জীবিকা নির্বাহ করতাম। কিন্তু আজ সব ধুলোয় মিশে গেল। এখন আমি সর্বহারা। সামনে ঈদ কিভাবে জীবন কাটবে সেটাই ভেবে পাচ্ছি না। কলাপাড়া ফায়ার সার্ভিসের ইনচার্জ আবুল হোসেন বলেন, সকাল আটটার দিকে খবর পাওয়ার পর ঘটনাস্থলে পৌছে এক ঘন্টার প্রচেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনি। আগুনের সূত্রপাত ও ক্ষয়ক্ষতির পরিমান তদন্ত সাপেক্ষে বলা যাবে।

ঈদুল ফিতরের সম্ভাব্য

আকাশে থাকবে। আবহাওয়া এবং দৃশ্যমানতার উপযুক্ত অবস্থায় চাঁদ দেখা গেলে রমজান শেষ এবং শাওয়াল শুরু হওয়ার সম্ভাবনা থাকবে। আল জারওয়ান জানান, এই জ্যোতির্বৈজ্ঞানিক সূচকের ভিত্তিতে বেশিরভাগ ইসলামিক দেশ রমজান শেষ এবং শাওয়াল শুরু সম্পর্কে একই সিদ্ধান্তে পৌঁছাতে পারে। তবে প্রতিবেদনে বলা হয়েছে, চূড়ান্ত ঘোষণা সবসময় সরকারি চাঁদ দেখা কমিটির মাধ্যমে আসবে। তারা ধর্মীয় ও পর্যবেক্ষণ প্রক্রিয়া শেষে এই তথ্য নিশ্চিত করবে।

চুরির মালামালসহ ছাত্রদল

থেকে ব্রিজ নির্মাণকাজে ব্যবহৃত বিভিন্ন মালামাল চুরি করে ট্রলারযোগে নিয়ে যাওয়া হচ্ছিল। গোপন সংবাদের ভিত্তিতে জানতে পেরে বানারীপাড়া থানার উপপরিদর্শক সিদ্ধার্থের নেতৃত্বে পুলিশের একটি টিম বানারীপাড়া ফেরিঘাট সংলগ্ন নতুন ব্রিজের নিচে সন্ধ্যা নদীর মোহনায় অবস্থান নেয়। তিনি আরও বলেন, রাত ৩টার দিকে সন্দেহভাজন একটি ট্রলারে তল্লাশি করে চারটি লোহার রেলপাটি, একটি ডিজেল ইঞ্জিন, একটি অক্সিজেন গ্যাস সিলিন্ডার, ব্রিজের কাজে ব্যবহৃত বিভিন্ন আসবাবপত্র এবং চুরির সরঞ্জামসহ ট্রলারটি জব্দ করা হয়। এ সময় ট্রলারে থাকা জিহাদ আকন ও সানিকে আটক করা হয়েছে। ওসি বলেন, চুরির ঘটনায় আটক দুজনসহ চারজনের নামে এবং আরও ৫-৬ জনকে অজ্ঞাত আসামি করে মামলা হয়েছে। ওই মামলায় বিচারক তাদের কারাগারে পাঠিয়েছেন। প্রাথমিক জিজ্ঞাসাবাদে দুজন স্বীকার করেছে যে, তারা গাভা এলাকা থেকে সরকারি ব্রিজের মালামাল চুরি করে নিয়ে যাচ্ছিল। তবে তারা কোনো রাজনৈতিক দলের সঙ্গে জড়িত কিনা আমার জানা নেই। ঘটনার সঙ্গে জড়িত বাকিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

প্রতিশ্রুতি অনুযায়ী চাঁদাবাজি বন্ধ হতে

তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, "হাটবাজার, লঞ্চঘাট, খেয়াঘাটে মানুষকে জিম্মি করে যেন কেউ অতিরিক্ত টাকা আদায় করতে না পারে। আপনারা ইতোমধ্যে দেখেছেন, আমখোলা তরমুজের ঘাট ও হরিদেবপুর উন্মুক্ত করে দেওয়া হয়েছে। কোনো ব্যবসায়ীর কাছ থেকে রাজনৈতিক পরিচয়ে কেউ যেন চাঁদা বা অনৈতিক সুবিধা নিতে না পারে সেই লক্ষ্য কাজ করা হচ্ছে।" তিনি আরো বলেন, "প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী, মাদক এবং জুয়ার বিরুদ্ধে প্রশাসন ও জনপ্রতিনিধিদের কঠোর পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। আমরা জেলা ও উপজেলা প্রশাসনের সঙ্গে সমন্বয় করে মাদকের বিরুদ্ধে শক্ত পদক্ষেপ নিতে চাই। আমার এলাকায় কোনো যুবক-তরুণ যেন বেকার না থাকে, তাদের কীভাবে কর্মে যুক্ত করা যায় সেই পরিকল্পনা নিয়ে আমরা এগোবো।"

কলাপাড়ায় বিএনপি সমর্থককে

তার দেখা হয়। পরে তারা দুজনে আওয়ামীলীগ ও বিএনপির রাজনীতি নিয়ে তর্কে জড়ান। এক পর্যায়ে বাচ্চু দাবি করেন আওয়ামীলীগের দয়া ছাড়া বিএনপি ক্ষমতায় আসতে পারতোনা। কাওসার এমন কথার প্রতিবাদ জানালে বাচ্চু তাকে কিছু বুঝে ওঠার আগেই মাথায় আঘাত করে। এতে সে মাটিতে লুটিয়ে পড়লে ফের তাকে মারধর করা হয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে কলাপাড়া হাসপাতালে নিয়ে আসে। এবিষয়ে বাচ্চু বলেন, রাজনীতির বিষয়ে তার সঙ্গে আমার কোন আলোচনা হয়নি। তবে সে আমার সঙ্গে প্রচন্ড রকমের খারাপ ব্যবহার করেছে। এ কারনে তার সঙ্গে আমার হাতাহাতি হয়েছে। এবিষয়ে কলাপাড়া থানার ওসি রবিউল ইসলামের সঙ্গে সঙ্গে বার বার যোগাযোগ করা চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ করেননি ।

উন্নয়নের মহাসড়কে

জরুরি। একই সঙ্গে নার্সিং ইনস্টিটিউট ও মেডিকেল অ্যাসিস্ট্যান্ট প্রশিক্ষণ কেন্দ্র চালু করা গেলে স্থানীয়ভাবে দক্ষ স্বাস্থ্যকর্মী তৈরি হবে। শিক্ষা খাতেও বিজ্ঞান, প্রযুক্তি ও কারিগরি শিক্ষার ওপর জোর দিয়ে সমুদ্রসম্পদ ও মৎস্যভিত্তিক কোর্স চালু করার আহ্বান জানান তিনি। তার মতে, স্বাস্থ্য ও শিক্ষা খাতে বিনিয়োগ বাড়ানোই মানবসম্পদ উন্নয়নের মূল চাবিকাঠি। যোগাযোগ অবকাঠামো সম্পর্কে জেলা বিএনপি নেতা অ্যাডভোকেট রেজবুল কবির বলেন, নদীবেষ্টিত এই জেলায় নিরাপদ ও দ্রুত যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা উন্নয়নের প্রথম শর্ত। আঞ্চলিক মহাসড়কের সম্প্রসারণ, গুরুত্বপূর্ণ নদীপথে স্থায়ী সেতু বা আধুনিক ফেরি ব্যবস্থা এবং নৌ-টার্মিনালের উন্নয়ন ছাড়া শিল্প ও পর্যটন বিকাশ সম্ভব নয়। তিনি আরও বলেন, উপকূলীয় অঞ্চলের দুর্যোগঝুঁকি বিবেচনায় টেকসই ও পরিবেশসম্মত অবকাঠামো নির্মাণ করতে হবে। যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটলে কৃষি ও মৎস্যপণ্য দ্রুত বাজারজাত করা সহজ হবে এবং ব্যবসা-বাণিজ্যে নতুন গতি আসবে। শিল্পায়ন, কর্মসংস্থান এবং পর্যটন উন্নয়ন প্রসঙ্গে বরগুনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও পর্যটন উদ্যোক্তা অ্যাডভোকেট সোহেল হাফিজ বলেন, বরগুনার অর্থনীতির প্রধান শক্তি মৎস্য, কৃষিভিত্তিক সম্পদ। এসব খাতকে ঘিরে প্রক্রিয়াজাত শিল্প, কোল্ড স্টোরেজ ও রপ্তানিমুখী উদ্যোগ গড়ে তোলা গেলে বিপুল কর্মসংস্থান সৃষ্টি সম্ভব। যুবসমাজকে প্রশিক্ষণ ও সহজ ঋণ সুবিধা প্রদান করলে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা তৈরি হবে। পর্যটন খাতে তিনি বলেন, উপকূলীয় প্রাকৃতিক সৌন্দর্য, পায়রা নদী এবং সংলগ্ন ফাতরার বন ইকো-ট্যুরিজমের জন্য অত্যন্ত সম্ভাবনাময়। পাশাপাশি নিকটবর্তী কুয়াকাটা কেন্দ্র করে সমন্বিত পর্যটন সার্কিট গড়ে তোলা গেলে দেশি-বিদেশি পর্যটক আকৃষ্ট হবে। তবে পরিবেশ সংরক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করাকে তিনি সর্বাধিক গুরুত্ব দেন। বরগুনার সামগ্রিক উন্নয়ন প্রসঙ্গে জেলা নাগরিক অধিকার সংরক্ষণ কমিটির সাধারণ সম্পাদক মনির হোসেন কামাল বলেন, উন্নয়ন হতে হবে সমন্বিত ও অংশগ্রহণমূলক। সরকারি-বেসরকারি উদ্যোগের মধ্যে সমন্বয়, প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা এবং স্থানীয় জনগণের মতামতকে গুরুত্ব দিতে হবে। তিনি উল্লেখ করেন, পরিকল্পিত নগরায়ন, সুপেয় পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন এবং জলবায়ু সহনশীল অবকাঠামো নির্মাণ সময়ের দাবি। দীর্ঘমেয়াদি মহাপরিকল্পনা প্রণয়ন করে ধাপে ধাপে বাস্তবায়ন করা গেলে বরগুনা একটি আধুনিক, বাসযোগ্য ও অর্থনৈতিকভাবে সমৃদ্ধ জেলায় রূপান্তরিত হবে। সংশ্লিষ্টদের অভিমত, যোগাযোগ, শিক্ষা, চিকিৎসা, শিল্পায়ন ও পর্যটন-এই পাঁচ খাতে টেকসই বিনিয়োগ এবং কার্যকর তদারকি নিশ্চিত করা গেলে বরগুনার উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচিত হবে। সম্ভাবনাময় এই উপকূলীয় জেলা তখন আর অবহেলিত থাকবে না; বরং দক্ষিণাঞ্চলের অগ্রগতির অগ্রদূত হিসেবে নিজস্ব পরিচয়ে মাথা তুলে দাঁড়াবে।

লালমোহনে ৬ পা বিশিষ্ট

দিকে একটি ৬ পা বিশিষ্ট বাছুরের জন্ম দেয়। চারটি পা ঠিক জায়গায় থাকলেও ঘাড়ের কাছেও পা রয়েছে। এমন বিরল প্রকৃতির বাছুর জন্ম দেওয়ায় প্রথমে আতঙ্কিত হয়ে পড়ি। পরে চিকিৎসক জানান, ৬ পা হওয়াতে বাছুরের বেড়ে উঠতে কোনো সমস্যা হবে না। আলহামদুলিল্লাহ, বাছুরটি সুস্থ আছে। স্বাভাবিকভাবে চলাফেরা করছে। এদিকে ৬ পা বিশিষ্ট গরুর বাছুরের জন্ম হওয়ার খবর চারদিকে ছড়িয়ে পড়লে বাছুরটিকে একনজর দেখার জন্য উৎসুক জনতা ভীড় করছেন। এ বিষয়ে ওই এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। লালমোহন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভেটেরিনারি সার্জন) ডা.মো. গোলাম মোস্তফা বলেন, এমন ঘটনা খুবই বিরল। এটা সচরাচর ঘটে না। তবে আশা করা যাচ্ছে, ৬ পা হলেও বাছুরটির কোনো সমস্যা হবে না। বাছুরটি কিছুটা বড় হলে অতিরিক্ত দুটি পা অপারেশনের মাধ্যমে অপসারণ করা যেতে পারে।

পটুয়াখালীতে ছাত্রলীগের ওয়ারেন্টভুক্ত

নেন বলেও দাবি করা হয়। পুলিশ জানায়, ২০২২ সালে সদর ইউনিয়নে স্বেচ্ছাসেবক দলের এক কর্মীসভায় হামলার মামলার আসামি ছিলেন সজিব মল্লিক। পরে দীর্ঘদিন তিনি আত্মগোপনে ছিলেন। গোপন সংবাদের ভিত্তিতে তার বাসা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। এ বিষয়ে বাউফল থানার ওসি সিদ্দিকুর রহমান জানান, 'একটি হামলা মামলার ২০২৪ সালের ওয়ারেন্টভুক্ত আসামি ছিলেন সজিব মল্লিক। তাকে গ্রেপ্তারের পর আদালতে সোপর্দ করা হয়েছে।'

সুলতানি-মুঘল ঐতিহ্যের নিদর্শন

পরিক্রমায় এটি স্থানীয়ভাবে পর্যটনের আকর্ষণীয় কেন্দ্র হিসেবেও পরিচিতি পেয়েছে। নিঝুম গ্রামীণ পরিবেশে ঠিক কবে মসজিদটি নির্মিত হয়েছিল, সে বিষয়ে সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায় না। তবে এর দেয়ালে সুলতানি ও মুঘল স্থাপত্যশৈলীর ছাপ দেখে সহজেই বোঝা যায়, এটি বহু প্রাচীন একটি স্থাপনা। এলাকাবাসীর ভাষ্য অনুযায়ী, বাংলা ১১২২ সালে স্থানীয় মাহমুদ জান আকন্দ নামের এক ব্যক্তি জঙ্গলে আচ্ছাদিত অবস্থায় মসজিদটি প্রথম আবিষ্কার করেন। সে সময় ঘন জঙ্গলের ভেতরে স্থাপনাটি সম্পূর্ণ ঢেকে ছিল। জঙ্গল পরিষ্কার করতে গিয়ে বড় বড় সাপ দেখা যায়। স্থানীয়রা সাপগুলোকে মসজিদ ছেড়ে যেতে আহ্বান জানিয়ে প্রথমে একটি পাশ খুলে দেন। পরে সাপগুলো সেখান থেকে সরে যায়। এরপর থেকেই মসজিদটিতে নিয়মিত পাঁচ ওয়াক্ত নামাজ আদায় হয়ে আসছে। অলৌকিক কাহিনির কারণে অনেকের কাছে এটি 'জীনের মসজিদ' নামেও পরিচিত। বর্তমানে মসজিদটি ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলার গালুয়া ইউনিয়নে অবস্থিত। স্থানীয় বাজারসংলগ্ন ভান্ডারিয়া-রাজাপুর মহাসড়ক থেকে প্রায় এক কিলোমিটার ভেতরে এর অবস্থান। এক গম্বুজবিশিষ্ট এই মসজিদে সুলতানি ও মুঘল স্থাপত্যের মিশ্র প্রভাব লক্ষ্য করা যায়। দেয়ালে খোদাই করা নকশা ও কারুকাজ, পাকা ইট ও চুন-সুরকির নির্মাণশৈলী প্রাচীন মুসলিম সংস্কৃতি ও ইতিহাসের সাক্ষ্য বহন করছে। ধর্মীয় গুরুত্বের পাশাপাশি ঐতিহাসিক ও নান্দনিক মূল্য থাকায় মসজিদটি এখন পর্যটক ও গবেষকদের কাছেও আগ্রহের কেন্দ্রবিন্দু। তবে, দীর্ঘদিন সংস্কারের অভাবে প্রাচীন এই স্থাপনাটি অনেকটা জৌলুস হারিয়েছে। গালুয়া পাকা মসজিদের ইমাম মাওলানা ওবায়দুল হক জানান, ধর্মীয় ঐতিহাসিক নিদর্শন হিসেবে ১৯৯৯ সালে প্রত্নতত্ত্ব অধিদপ্তর মসজিদটিকে সংরক্ষণের আওতায় নেয়। কিন্তু, এরপর দৃশ্যমান কোনো সংস্কার কাজ হয়নি। তিনি মসজিদটির ইতিহাস-ঐতিহ্য ও ধর্মীয় গুরুত্ব বিবেচনায় দ্রুত সংস্কারের জন্য সরকারের প্রতি দাবি জানান।

ভাণ্ডারিয়ায় ১০ মণ জাটকাসহ

নজরদারি জোরদার করা হয়। এক পর্যায়ে কচা নদীতে সন্দেহভাজন ট্রলার দুটিতে তল্লাশি চালানো হলে বিপুল পরিমাণ জাটকা জব্দ করা হয়। আটক ট্রলারে থাকা সবুজ হোসেন(৩৫), নুরুল ইমন শিকদার(৪২) এবং হোসেন খান(২৫) কে ভান্ডারিয়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) উজ্জ্বল হালদার ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে প্রত্যেকে ১০ হাজার টাকা করে অর্থদণ্ড দেন এবং এক মাসের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেয়। উদ্ধারকৃত জাটকা গুলো স্থানীয় এতিমখানায় বিতরণ করা হয়েছে। সহকারী কমিশনার (ভূমি) উজ্জ্বল হালদার জানান, জাটকা নিধন বন্ধে প্রশাসনের অভিযান অব্যাহত থাকবে এবং মৎস্য ও সম্পদ রক্ষায় কঠোর ব্যবস্থা নেওয়া হবে। কোস্টগার্ডের কন্টিনজেন্ট কর্মকর্তা মোঃ রাজু আহমেদ জানিয়েছেন, নদী ও উপকূলীয় এলাকায় নিয়মিত টহল ও বিশেষ অভিযান পরিচালনা করা হচ্ছে এবং ভবিষ্যতেও এ কার্যক্রম চলমান থাকবে।

কলাপাড়ার শিক্ষকের বাড়িকে

বিরক্ত না হয়ে বরং পাখিগুলোকে যাতে কেউ বিরক্ত করতে না পারে সেদিকে সবসময় নজর রাখি। এছাড়া অনেক সময় পাখি অসুস্থ হয়ে পড়লে সেগুলোকে চিকিৎসা করি। পাখির মলমুত্রে অনেক দুর্গন্ধ। বাড়িতে প্রায় সময়ই সুগন্ধি সিটিয়ে থাকতে হয়। তারপরও আমার ঘরের সব সদস্য পাখি প্রেমী হয়ে উঠেছি। আজ আমার বাড়িকে যে স্বীকৃতি দেওয়া হয়েছে এতে আমরা গর্বিত। প্রায় সময়ই দর্শনার্থীরা আমার বাড়িতে পাখি দেখতে আসে। সবাইকে আমি সাধুবাদ জানাই। অ্যানিমেল লাভার্স অফ পটুয়াখালীর কলাপাড়া শাখার টিম লিডার বায়জিদ আহসান বলেন, বিভিন্ন পত্রিকায় নিউজ প্রচারের পর এ বাড়িটি আমাদের নজরে আসে। পরে আমরা উপজেলা প্রশাসনকে অবহিত করি। আজ বাড়িটিকে স্বীকৃতি স্বরূপ পাখির অভয়াশ্রম হিসেবে নামকরণ করা হয়েছে। শিক্ষক আখতারুজ্জামানকে আমরা সব সময় সহযোগিতা করব। কলাপাড়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ইয়াসিন সাদিক বলেন, শিক্ষক আখতারুজ্জামানের পাখির প্রতি ভালোবাসা সত্যিই বিরল। বিভিন্ন পত্রিকায় সংবাদ প্রকাশের পর বিষয়টি আমার নজরে আসে এবং আমি জেলা প্রশাসনকে অবহিত করি। পরে জেলা প্রশাসনের পক্ষ থেকে বাড়িটিকে পাখির অভয়াশ্রম হিসেবে ঘোষণা করার জন্য বলা হয়। আজ আমরা সেই বাড়িতে গিয়ে এনিমেল লাভার্স অফ পটুয়াখালীর কলাপাড়া শাখার সদস্যদের সহায়তায় একটি সাইনবোর্ড সাটিয়ে দিয়েছি। সরকারিভাবে তাকে সকল ধরনের সহযোগিতা করা হবে।

বোরহানউদ্দিনে অস্ত্রসহ চার

(তদন্ত) গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বৃহস্পতিবার ডাকাতি মামলার দুজন আসামি আরিফ ও রহিম কে কুঞ্জের হাট এলাকা থেকে গ্রেপ্তার করলে তারা ডাকাতির বিষয়টি স্বীকার করেন। পরে তাদের দেয়া তথ্যমতে কুঞ্জেরহাট বাজারে ডাকাতির মালামাল ক্রয়কারী প্রতিষ্ঠান মির্জাকালু জুয়েলার্সের মালিক মাসুদ ও তার ভাই কামালকে গ্রেপ্তার করা হয়। পুলিশ অভিযান চালিয়ে ডাকাত আরিফ ও রহিমের সরকারি আবাসনের বাড়ির রুম থেকে ডাকাতির কাজে ব্যবহৃত দুটি রাম দা স্টাম্প ও লাঠি সোঠা উদ্ধার করেন। পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য আসামিদের ভোলা জেলা ও দায়রা জজ আদালতে প্রেরন করা হবে।

রমজানে নিত্যপণ্যের বাজারে

হয়েছে, বর্তমানে তা নেমে এসেছে ৪০ থেকে ৫০ টাকায়। একইভাবে শসা ও বেগুনের দামও কেজিপ্রতি ২০ থেকে ৩০ টাকা কমেছে। বর্তমানে শসা বিক্রি হচ্ছে ৪০ থেকে ৫০ টাকা কেজিতে এবং বেগুন ৬০ থেকে ৮০ টাকায়। প্রতি কেজি আলু বিক্রি হচ্ছে ১৫ থেকে ২০ টাকায় এবং পেঁয়াজ ৪০ থেকে ৪৫ টাকা। এক সপ্তাহের ব্যবধানে আলুর দাম কেজিতে পাঁচ টাকা এবং পেঁয়াজের দাম ২০ টাকা কমেছে। বাজারে ক্রেতা কম থাকায় ব্যবসায়ীরা বলছেন, দাম আপাতত স্থিতিশীল থাকার সম্ভাবনাই বেশি। সবজি ব্যবসায়ী জালাল মিয় জানান, এখন সবজির আমদানি বেশি, এ জন্য দাম কমে গেছে। এখানে বাজার করতে আসা রায়হান নামে এক ক্রেতা জানান, আসলেই দাম কিছুটা কম মনে হচ্ছে, এমন থাকলে ভালো। চাই আরও দাম কমুক। রোজার শুরুতে কাঁচামরিচের দাম কেজিপ্রতি ২০০ টাকা উঠেছিল। তবে বর্তমানে সেই দাম অনেকটাই কমেছে। বিভিন্ন বাজারে ভালো মানের কাঁচামরিচ খুচরায় বিক্রি হয়েছে ১২০ টাকা কেজি। আর পাড়া-মহল্লার ভ্যানে সাধারণ মানের মরিচ পাওয়া যাচ্ছে ১০০ টাকায়। অন্যদিকে, রোজাকে কেন্দ্র করে ফুলকপি, মুলা ও শিমের মতো কিছু সবজির চাহিদা কমে গেছে। ফলে এসব পণ্যের দামও নেমে এসেছে। বর্তমানে শিম বিক্রি হচ্ছে ৪০ থেকে ৫০ টাকায়। একই দামে ৪০ থেকে ৫০ টাকার মধ্যে মুলা, গাজর, পেঁপে, ফুলকপি ও বাঁধাকপিসহ পাঁচ থেকে ছয় ধরনের সবজি পাওয়া যাচ্ছে। চাহিদা কম থাকায় বাজারে এসব পণ্যে স্বস্তি ফিরেছে। এদিকে, মুদি পণ্যের বাজারেও কিছুটা স্বস্তি ফিরেছে। ছোলার দাম কমে বর্তমানে কেজিপ্রতি ৮০ থেকে ১০০ টাকায় বিক্রি হচ্ছে; যা রোজার শুরুতে ছিল ১০০ থেকে ১১০ টাকা। খোলা পাম তেলের দাম লিটারে পাঁচ টাকা কমে নেমেছে ১৫০ থেকে ১৬০ টাকায়। তবে সয়াবিন তেল, চিনি ও অন্যান্য নিত্যপণ্যের দাম অপরিবর্তিত রয়েছে। খোলা চিনি বিক্রি হচ্ছে কেজিপ্রতি ১০০ থেকে ১০৫ টাকায় এবং খোলা সয়াবিন তেল ১৭৫ থেকে ১৮৫ টাকা লিটারে। তবে মাছের বাজারে কিছুটা দাম বৃদ্ধি দেখা গেছে। মাছ বিক্রেতা জয়নাল জানান। সব মাছেই কেজিপ্রতি ১৫ থেকে ২০ টাকা দাম বেড়েছে। এখন তেলাপিয়া মাছ বিক্রি করছি কেজি ২২০ টাকা, রুই ছোটটা ২৬০ টাকা, বড়টা ৩২০ টাকা, পাঙাশ বড়টা ২২০ টাকা ছোটটা ১৮০ টাকা করে বিক্রি করছি। প্রত্যেকটারই কেজিতে কিছুটা দাম বেড়েছে। মাংস ও ডিমের বাজারে স্বস্তি দেখা গেছে। কয়েকটি বাজার ঘুরে দেখা যায়, খাসির মাংস ১ হাজার ২০০ টাকা কেজি বিক্রি হচ্ছে; যা একই বাজারে রোজার আগে ১ হাজার ২৫০ থেকে ১ হাজার ৩০০ টাকা করে বিক্রি করতে দেখা গেছে। এক খাসির মাংস বিক্রেতা জানান, সিজন পরিবর্তনের জন্য দাম কমছে। সামনে আরও কমবে। তবে অপরিবর্তিত রয়েছে গরুর মাংসের দাম। রমজানের আগের কয়েক সপ্তাহ ধরে গরুর মাংস ৮০০ টাকা কেজিতে বিক্রি করতে দেখা গেছে; যা এখনও একই দামে বিক্রি হচ্ছে। ব্রয়লার মুরগি বর্তমানে প্রতি জেকি ১৬৫ থেকে ১৮০ টাকায় বিক্রি হচ্ছে; যা এক সপ্তাহ আগেও ছিল ১৯০ থেকে ২০০ টাকা। সোনালি মুরগির কেজি ৩০০ থেকে ৩২০ টাকা। এছাড়া ফার্মের মুরগির ডিম ডজনপ্রতি বিক্রি হচ্ছে ১১০ থেকে ১১৫ টাকায়।

আফগানিস্তানে পাকিস্তানের 'অপারেশন

সংবাদ সম্মেলনে পাকিস্তান আইএসপিআরের মহাপরিচালক লেফটেন্যান্ট জেনারেল আহমেদ শরীফ চৌধুরী এ তথ্য নিশ্চিত করেন। তিনি আরও জানান, তালেবানের ৭৩টি সামরিক পোস্ট ধ্বংস করার পাশাপাশি ১৮টি দখলে নিয়েছে পাকিস্তানের সশস্ত্র বাহিনী। তাছাড়া প্রাথমিক হিসাব অনুযায়ী, আফগান তালেবানের ১১৫টি ট্যাংক, সাঁজোয়া যান (আরমর্ড পার্সোনেল ক্যারিয়ার) এবং আর্টিলারি অস্ত্র ধ্বংস করা হয়েছে। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) রাত ১০টার দিকে পাকিস্তানের খাইবার পাখতুনখোয়ায় পাক-আফগান সীমান্তবর্তী ডুরান্ড লাইন এলাকায় পাক সেনাচৌকিগুলো লক্ষ্য করে অতর্কিত হামলা চালিয়ে অন্তত ৫৫ জন পাকিস্তানি সেনাকে হত্যা করে আফগানিস্তানের সেনাবাহিনী। সেই সঙ্গে আরও কয়েকজন সেনাকে ধরে নিয়ে যায় তারা। তালেবান সরকারের মুখপাত্র জাবিহুল্লাহ মুজাহিদ জানান, ২১ ফেব্রুয়ারি আফগানিস্তানের নানগারহার ও পাকতিয়া প্রদেশে যে বিমান অভিযান চালিয়েছিল পাকিস্তানের বিমানবাহিনী, তার বদলা হিসেবে এই হামলা করা হয়েছে। পাকিস্তান বাহিনীর সেই অভিযানে নানগারহার ও পাকতিয়ায় নিহত হয়েছিলেন ৮০ জনেরও বেশি মানুষ। হামলা শেষে রাত ১২টার দিকে আফগানিস্তান সেনাবাহিনী ফিরে যায়। তার মাত্র কয়েক ঘণ্টা পর রাত ৩টা ৪৫ মিনিটে আফগানিস্তানের বিরুদ্ধে 'অপারেশন গজব-লিল হক' শুরু করে পাকিস্তানের প্রতিরক্ষা বাহিনী। সেই অভিযানের অংশ হিসেবে রাজধানী কাবুল এবং পাকতিয়া ও কান্দাহার প্রদেশে ব্যাপক আকারে বিমান হামলা শুরু করে পাকিস্তানের বিমান বাহিনী (পিএএফ)।

ইরানে হামলার প্রস্তুতি, ইসরায়েল

রণতরী ইসরায়েলের উপকূলে পৌঁছেছে। এর পাশাপাশি বিমান হামলা চালাতে বহুসংখ্যক যুদ্ধবিমান ইসরায়েলের সামরিক ঘাঁটিতে মোতায়েন করা হয়েছে। এসব যুদ্ধবিমানের জ্বালানি সরবরাহকারী (রিফুয়েলিং) বিমান পাঠানোর প্রস্তুতিও শেষ হয়েছে। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) ইসরায়েলি চ্যানেল ১২ এবং টাইমস অব ইসরায়েল এসব তথ্য দিয়ে সংবাদ প্রকাশ করেছে। তবে এ বিষয়ে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর পক্ষ থেকে এখনো আনুষ্ঠানিক কোনো ঘোষণা দেওয়া হয়নি। ওপেন-সোর্স ফ্লাইট ডেটা পর্যবেক্ষণকারী বিশ্লেষকদের বরাত দিয়ে প্রতিবেদনে বলা হয়, পাঁচটি মার্কিন কেসি-৪৬এ রিফুয়েলিং বিমান নিউ হ্যাম্পশায়ারের পোর্টসমাউথ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে এবং আরেকটি ট্যাংকার নর্থ ক্যারোলাইনার সেমুর জনসন বিমানঘাঁটি থেকে বেন গুরিয়ন বিমানবন্দরে অবতরণ করেছে। দ্য টাইমস অব ইসরায়েললে প্রকাশিত প্রতিবেদনের তথ্য মতে, ইরানে হামলার প্রস্তুতি হিসেবে মার্কিন এফ-৩৫, এগ-১৫, এবং এফ-১৬ যুদ্ধবিমানগুলোকে ইসরায়েলে পাঠানো হয়েছে। আন্তর্জাতিক গণমাধ্যমের প্রতিবেদনগুলোতে বলা হয়েছে, ইরানের বিরুদ্ধে সম্ভাব্য মার্কিন সামরিক হামলার জন্যেই মধ্যপ্রাচ্যে সামরিক উপস্থিতি জোরদার করেছে যুক্তরাষ্ট্র। পর্যবেক্ষকদের মতে, সাম্প্রতিক আঞ্চলিক উত্তেজনার প্রেক্ষাপটে এ পদক্ষেপ মধ্যপ্রাচ্যে নিরাপত্তা পরিস্থিতিকে আরও স্পর্শকাতর করে তুলতে পারে।

প্যারোলে মুক্তি পেয়ে বাবার

(২৫), যিনি সুবিদপুর ইউনিয়ন ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। পরিবারের সদস্যরা জানান, একটি রাজনৈতিক মামলায় গ্রেফতার হয়ে কারাগারে ছিলেন রাকিবুল ইসলাম। বৃহস্পতিবার সকালে তার বাবার মৃত্যু হলে পরিবারের পক্ষ থেকে প্রশাসনের কাছে প্যারোলের আবেদন করা হয়। জানাজার সময় এলাকায় শোকের ছায়া নেমে আসে। স্বজনদের আহাজারিতে পরিবেশ ভারি হয়ে ওঠে। জানাজা ও দাফন সম্পন্ন হওয়ার পর নির্ধারিত সময় অনুযায়ী রাকিবুল ইসলামকে আবার কারা কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়। নলছিটি উপজেলা ছাত্রলীগের সভাপতি অনীক রহমান সরদার বলেন, রাকিবের বাবার মৃত্যুতে আমরা গভীর শোক প্রকাশ করছি। একজন সন্তানের জন্য পিতৃবিয়োগ অত্যন্ত বেদনাদায়ক। এমন পরিস্থিতিতে প্যারোলে এসে জানাজায় অংশ নেওয়াটা নিঃসন্দেহে আবেগঘন মুহূর্ত। এ বিষয়ে নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুল আলম জানান, পরিবারের আবেদনের পর প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে তাকে নির্দিষ্ট সময়ের জন্য প্যারোলে মুক্তি দেওয়া হয়। পুরো সময় তিনি পুলিশি পাহারায় ছিলেন এবং আনুষ্ঠানিকতা শেষে তাকে পুনরায় কারাগারে পাঠানো হয়েছে।

গাজায় তীব্র হচ্ছে মানবিক সহায়তা সংকট

কীর্তনখোলা ডেস্ক

গাজা উপত্যকার মধ্যাঞ্চলের বুরেইজ শরণার্থী শিবির এবং দক্ষিণের খান ইউনিসের আল-মাওয়াসি এলাকার দুটি পুলিশ পোস্টে ড্রোন হামলা চালিয়েছে দখলদার ইসরায়েল। ইসরায়েলি বাহিনীর এই ড্রোন হামলায় অন্তত ছয়জন ফিলিস্তিনি নিহত হয়েছেন। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) গভীর রাত থেকে শুক্রবার (২৭ ফেব্রুয়ারি)ভোরের মধ্যে এসব হামলা চালানো হয়। খান ইউনিসের নাসের মেডিকেল কমপ্লেক্সের চিকিৎসা বিভাগের তথ্য মতে, আল-মাওয়াসির আল-মাসলাখ মোড়ে একটি পুলিশ চেকপোস্টে হামলার পর চারজনের মরদেহ হাসপাতালে আনা হয়। এতে আরও কয়েকজন আহত হয়েছেন, যাদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। হাসপাতাল সূত্রের দাবি, হামলাটি এমন এক এলাকায় হয়েছে যা ইসরায়েলি বাহিনীর সরাসরি নিয়ন্ত্রণের বাইরে। অন্যদিকে, গাজার কেন্দ্রীয় অংশে বুরেইজ শরণার্থী শিবিরের প্রবেশপথে একটি পুলিশ পোস্টে একই ধরনের ড্রোন হামলায় আরও দুইজন নিহত এবং কয়েকজন আহত হয়েছেন। হামাসের মুখপাত্র হাজেম কাসেম এক বিবৃতিতে জানান, গাজাজুড়ে অব্যাহত বোমাবর্ষণে মৃত্যুর সংখ্যা বৃদ্ধি মধ্যস্থতাকারীদের প্রচেষ্টার প্রতি ইসরায়েলের স্পষ্ট অবজ্ঞার প্রতীক। তিনি অভিযোগ করেন, ঘোষিত 'যুদ্ধবিরতি' কার্যত প্রতিদিনই লঙ্ঘিত হচ্ছে এবং বাস্তবে যুদ্ধ থামানোর কোনো কার্যকর পদক্ষেপ দেখা যাচ্ছে না। গাজা সিটি থেকে আল জাজিরার প্রকাশিত সংবাদের তথ্য মতে, এটি ছিল একটি রক্তাক্ত রাত। ইসরায়েলি বাহিনী একাধিক প্রাণঘাতী বিমান হামলা চালিয়েছে, বিশেষ করে পূর্বাঞ্চলে কাছাকাছি স্থাপিত পুলিশ চেকপোস্টগুলোতে হামলা চালানো হয়েছে। তিনি বলেন, ইসরায়েল গাজায় ন্যূনতম প্রশাসনিক সেবা পুনর্গঠনের দায়িত্ব নেবে না বলে স্পষ্ট বার্তা দিয়েছে। ফলে পুলিশসহ বেসামরিক সেবাগুলোর পুনরুদ্ধার বাধাগ্রস্ত হচ্ছে। এদিকে গাজা ক্রসিংস অ্যান্ড বর্ডারস অথরিটি জানিয়েছে, বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) রাফাহ ক্রসিং দিয়ে ৫০ জন ফিলিস্তিনি মিশরে প্রবেশ করেছেন, যার মধ্যে ১৩ জন রোগী ও ৩৭ জন তাদের সঙ্গী। একই দিনে ৪১ জন গাজায় ফিরে এসেছেন। বহু মানুষ জরুরি চিকিৎসার জন্য গাজার বাইরে যেতে চান, তবে ইসরায়েলের কড়াকড়ির কারণে যাতায়াত সীমিত রয়েছে। সংস্থাটি আরও জানায়, বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) ২৮৬টি ট্রাক গাজায় প্রবেশ করেছে এর মধ্যে ১৭৪টি বাণিজ্যিক পণ্য ও ১১২টি ত্রাণবাহী ট্রাক। তবে মানবিক সংস্থাগুলোর মতে, গাজার জনগণের চাহিদা পূরণে প্রতিদিন অন্তত ৬০০টি ত্রাণ ট্রাক প্রয়োজন। চলমান অবরোধ ও হামলার কারণে রমজান মাসেও খাদ্য ও প্রয়োজনীয় সরবরাহে সংকট অব্যাহত রয়েছে। এদিকে ইসরায়েল ৩৭টি ত্রাণ সংস্থাকে আগামী ১ মার্চের মধ্যে তাদের ফিলিস্তিনি কর্মীদের ব্যক্তিগত তথ্য হস্তান্তরের নির্দেশ দিয়েছে, অন্যথায় কার্যক্রম বন্ধের হুঁশিয়ারি দিয়েছে। সংস্থাগুলো বলছে, এ ধরনের তথ্য প্রদান কর্মীদের ঝুঁকিতে ফেলতে পারে এবং মানবিক কার্যক্রমের নিরপেক্ষতা ক্ষুণ্ন করতে পারে। ডক্টরস উইদাউট বর্ডারস, অক্সফাম, নরওয়েজিয়ান রিফিউজি কাউন্সিল ও কেয়ার ইন্টারন্যাশনালসহ ১৭টি আন্তর্জাতিক এনজিও ইসরায়েলের সুপ্রিম কোর্টে এ নির্দেশনার বিরুদ্ধে আবেদন করেছে। অক্সফাম সতর্ক করে বলেছে, গাজা ও অধিকৃত ফিলিস্তিন ভূখণ্ডে ত্রাণ কার্যক্রম বন্ধ হয়ে গেলে এর প্রভাব পুরো মানবিক ব্যবস্থার ওপর তাৎক্ষণিকভাবে পড়বে। ২০২৩ সালের ৭ অক্টোবর এর পর থেকে আন্তর্জাতিক মানবিক সংস্থাগুলোর ওপর ইসরায়েলের চাপ ক্রমেই বেড়েছে, যা বর্তমানে নতুন করে সংকটের আশঙ্কা তৈরি করেছে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শনিবার ॥ ২৮ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১৫ ফাল্গুন ১৪৩২

ইরানে হামলার প্রস্তুতি, ইসরায়েল উপকূলে বিশ্বের বৃহত্তম রণতরী

কীর্তনখোলা ডেস্ক

ইরানে হামলার আশঙ্কায় মধ্যপ্রাচ্যে ক্রমেই উত্তেজনা বাড়ছে, সঙ্গে সামরিক উপস্থিতিও জোরদার করছে যুক্তরাষ্ট্র। বর্তমান বিশ্বের বৃহত্তম বিমানবাহী রণতরীর নাম ইউএসএস জেরাল্ড আর. ফোর্ড। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) মার্কিন এই ৩ এর পাতায় দেখুন

আফগানিস্তানে পাকিস্তানের 'অপারেশন গাজাব লিল-হক', নিহত ২৭৪

কীর্তনখোলা ডেস্ক

আফগানিস্তানে পাকিস্তানের 'অপারেশন গাজাব-লিল হক' এ এখন পর্যন্ত ২৭৪ জন তালেবান সদস্য ও অন্যান্য সশস্ত্র গোষ্ঠীর সদস্য নিহত হয়েছেন। সেই সঙ্গে ৪০০ জনেরও বেশি আহত হয়েছেন। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) এক ৩ এর পাতায় দেখুন

বোরহানউদ্দিনে অস্ত্রসহ চার ডাকাত গ্রেফতার

মোঃ আর্শাদুল হক, বোরহানউদ্দিন

ভোলার বোরহানউদ্দিন উপজেলার কাচিয়া ইউনিয়নের চকডোষ এলাকায় জালালের বাড়িতে গত ডিসেম্বরে ডাকাতির ঘটনায় ডাকাত দলের দুই সদস্য ও ডাকাতির মালামাল ক্রয়কারী সহ মোট ৪ সদস্য কে অস্ত্রসহ গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তারকৃতরা হলেন মোঃ আরিফ (২২), মোঃ রহিম (২২), মোঃ মাসুদ আলম (৪০), মোঃ কামাল উদ্দিন (৪৫)। শুক্রবার(২৭ ফেব্রুয়ারী) গনমাধ্যমে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে ভোলা সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মোঃ ইব্রাহিম জানান, বোরহানউদ্দিন থানার কাচিয়া ইউনিয়নের চকডোষ গ্রামে জালালের বাড়িতে গত বছরের ৩১ ডিসেম্বর ভোররাতে একদল ডাকাত অস্ত্রের মুখে জিম্মি করে ওই পরিবারের সদস্যদের ব্যবহৃত স্বর্নালংকার ও নগদ ৩ লাখ টাকা নিয়ে যায় ডাকাত দলের সদস্যরা। তিনি আরো জানান, ওইদিন এ ঘটনায় বোরহানউদ্দিন থানায় একটি ডাকাতি মামলা দায়ের করা হয়। মামলার তদন্তকারী কর্মকর্তা রিপন কুমার সাহা পুলিশ পরিদর্শক ৩ এর পাতায় দেখুন

রমজানে নিত্যপণ্যের বাজারে তুলনামূলক স্বস্তি

কীর্তনখোলা ডেস্ক

রমজান মাস চলছে। সাধারণত এ মাসে দেশের বাজারে নিত্যপণ্যের দাম বেড়ে যায়। তবে এবার অধিকাংশ পণ্যের দাম স্থিতিশীল এবং কিছু পণ্যের দাম কমেছে। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) বরিশাল নগরীর কয়েকটি বাজার ঘুরে এ তথ্য জানা গেছে। বাজারের ব্যবসায়ী সুয়া মিয়া জানান, এবার রমজানে কোনও জিনিসের দাম বাড়েনি বরং দেশি পেঁয়াজ, রসুন, আদার দাম কেজিতে ১০ থেকে ১৫ টাকা কমেছে; যে কারণে ক্রেতাদের মাঝে কিছুটা হলেও স্বস্তি দেখা গেছে। অন্যদিকে, চাহিদা কমে যাওয়ায় লেবু, বেগুন, কাঁচামরিচসহ রোজা সংশ্লিষ্ট পণ্যের দামও কমে এসেছে। পাশাপাশি অন্যান্য প্রায় সব ধরনের সবজির দাম কেজিপ্রতি অন্তত ২০ টাকা পর্যন্ত কমেছে বলে জানিয়েছেন বিক্রেতারা। রোজার আগের দিন যে লেবু হালিপ্রতি ১০০ টাকায় বিক্রি ৩ এর পাতায় দেখুন

প্যারোলে মুক্তি পেয়ে বাবার জানাজায় অংশ নিলো ছাত্রলীগ নেতা

নলছিটি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটিতে কারাবন্দি বাবার মৃত্যুর পর এক ছাত্রলীগ নেতাকে প্যারোলে মুক্তি দেওয়া হয়েছে। নির্ধারিত সময় শেষে পুলিশি পাহারায় তাকে পুনরায় কারাগারে পাঠানো হয়েছে। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) সন্ধ্যায় উপজেলার সুবিদপুর ইউনিয়নের কামদেবপুর গ্রামের পারিবারিক কবরস্থানে মোশাররফ জোমাদ্দরের জানাজা অনুষ্ঠিত হয়। জানাজায় অংশ নিতে স্বল্প সময়ের জন্য প্যারোলে মুক্তি পান তার ছেলে রাকিবুল ইসলাম জোমাদ্দর ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় ১০ মণ জাটকাসহ ট্রলার আটক, ৩ জেলের কারাদণ্ড

সবুজ আকন, ভাণ্ডারিয়া

পিরোজপুরের ভান্ডারিয়ায় জাটকা সংরক্ষণ অভিযানে দুটি মাছ ধরার ট্রলার আটক করেছে বাংলাদেশ কোস্টগার্ড। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) ভোর ছয়টার দিকে কচা নদীতে বিশেষ অভিযান চালিয়ে এফ বি মায়ের দোয়া ও এফ বি সোলায়মান নামের ট্রলার দুটি জব্দ করা হয়। অভিযানের সময় ট্রলার দুটি থেকে প্রায় ১০ মন জাটকা মাছ উদ্ধার করা হয়। কোস্টগার্ড সূত্রে জানা গেছে, সরকার ঘোষিত নিষেধাজ্ঞা অমান্য করে জাটকা আহরণ ও পরিবহন করা হচ্ছিলো এমন গোপন সংবাদের ভিত্তিতে নদীর বিভিন্ন পয়েন্টে ৩ এর পাতায় দেখুন

কলাপাড়ার শিক্ষকের বাড়িকে পাখির অভয়াশ্রম ঘোষণা

নাহিদুল হক, কলাপাড়া

কলাপাড়ায় সেই শিক্ষকের বাড়িকে পাখির অভয়াশ্রম হিসেবে ঘোষনা করেছে সরকার। দেশীয় ও পরিযায়ী পাখির কলোনী নামের একটি সাইনবোর্ড সাটিয়ে বাড়িটির নাম করন করা হয়ঃবিহঙ্গ বিলাস। বৃহস্পতিবার বিকেলে শিক্ষকের বাড়িতে এ অনুষ্ঠানে কলাপাড়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ইয়াসিন সাদীক, পায়রা বন্দর নৌ-পুলিশ ইনচার্জ নয়ন কারকুন ও অ্যানিমেল লাভার্স অফ কলাপাড়া শাখার সদস্যরা উপস্থিত ছিলেন। বালিয়াতলী ইউনিয়নের মুসুল্লীয়াবাদ গ্রামের শিক্ষক আখতারুজ্জামানের বাড়িতে নিরাপদ আশ্রয় ও পরম মমতার কারনে দীর্ঘ প্রায় ৪০ বছর ধরে বাসা বানিয়ে বসবাস করছে হাজারো পাখ-পাখালি। প্রতিনিয়ত সাদা বক, পান কৌড়ি আর বাদুরের কিচিরমিচির শব্দে মুখরিত থাকে বাড়িটি। পূর্ব মধুখালী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আখতারুজ্জামান বলেন, দীর্ঘ ৪০ বছর যাবৎ আমাদের বাড়িতে পাখপাখালী বসবাস করে আসছে। পাখিগুলো বাড়িতে বাস করায় আমরা ৩ এর পাতায় দেখুন



সুলতানি-মুঘল ঐতিহ্যের নিদর্শন ঝালকাঠির পাকা মসজিদ, নেই সংস্কার

ঝালকাঠি প্রতিনিধি

বাংলার সুলতানি ও মুঘল আমলের মুসলিম ঐতিহ্যের স্মারক হয়ে আজও দাঁড়িয়ে আছে ঝালকাঠির গালুয়া পাকা মসজিদ। এটি শুধু নামাজের স্থানই নয়, বরং মুসলিম সংস্কৃতি, ইতিহাস ও গবেষণার জন্যও গুরুত্বপূর্ণ এক স্থাপনা। সময়ের ৩ এর পাতায় দেখুন

প্রতিশ্রুতি অনুযায়ী চাঁদাবাজি বন্ধ হতে শুরু করেছে: প্রতিমন্ত্রী নুরুল হক

গলাচিপা প্রতিনিধি

শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নুরুল হক নুর বলেছেন, "সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর আমরা কোনো প্রতিহিংসার রাজনীতি করি নাই, কাউকে আঘাত করি নাই। আমাদের প্রতিশ্রুতি অনুযায়ী চাঁদাবাজি বন্ধ হতে শুরু করেছে।" তিনি বলেন, "প্রতিহিংসার রাজনীতি নয়; আমরা ঐক্যের, সম্প্রীতির এবং উন্নয়নের রাজনীতি করতে চাই। তাই সকলকে একসঙ্গে ঐক্যবদ্ধ থেকে এলাকার উন্নয়নে কাজ করতে হবে।" শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) পটুয়াখালীর গলাচিপা উপজেলা পরিষদ চত্বরে 'সমতা ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে নাগরিক ভাবনা' শীর্ষক উন্মুক্ত মতবিনিময় সভা ও গণ-ইফতার অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ৩ এর পাতায় দেখুন

পটুয়াখালীতে ছাত্রলীগের ওয়ারেন্টভুক্ত আসামি গ্রেফতার

পটুয়াখালী প্রতিনিধি

বাউফল উপজেলায় বহুমুখী পরিচয় ব্যবহারকারী নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের পটুয়াখালী জেলা শাখার সহসভাপতি সজিব মল্লিককে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তারের পর তিনি গণমাধ্যমের কাছে নিজের দলীয় পদের বিষয়টি অস্বীকার করেন। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) বেলা ২টার দিকে তাকে পটুয়াখালী ম্যাজিস্ট্রেট আদালতে সোপর্দ করে বাউফল থানা পুলিশ। দলীয় সূত্র জানায়, গ্রেপ্তার সজিব মল্লিক (৩০) বিভিন্ন সময়ে গ্রাম্য ডাক্তার ও সাংবাদিক পরিচয়ে প্রতারণা করতেন বলে অভিযোগ রয়েছে। কয়েক বছর আগে পটুয়াখালী-২ আসনের সংসদ সদস্য ও সাবেক চিফ হুইপ আ স ম ফিরোজ এবং কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক নেতা সাইফুর রহমান সাইফ-কে ম্যানেজ করে তিনি জেলা ছাত্রলীগের পদ বাগিয়ে ৩ এর পাতায় দেখুন

লালমোহনে ৬ পা বিশিষ্ট বাছুর, এলাকাজুড়ে চাঞ্চল্য

লালমোহন প্রতিনিধি

ভোলার লালমোহনে জন্ম হয়েছে ৬ পা বিশিষ্ট একটি গরুর বাছুরের। এমন খবরে এলাকাজুড়ে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। এক নজর বাছুরটি দেখতে উৎসুক জনতা গরুর মালিকের বাড়িতে ভিড় করছেন। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) ভোর রাতে উপজেলার রমাগঞ্জ ইউনিয়নের ৮নং ওয়ার্ডের পূর্ব চর উমেদ গ্রামের সৌদি আরব প্রবাসী মো. মনিরের বাড়িতে বাছুরটির জন্ম হয়। জন্মের পর দেখা যায় বাছুরটির চারটি পা থাকলেও ঘাড়ের কাছে আরও অতিরিক্ত দুটি পা রয়েছে। চিকিৎসক জানিয়েছেন, বাছুরটির ৬টি পা হলেও সমস্যা নেই। সুস্থ ও স্বাভাবিকভাবেই বেড়ে উঠতে পারবে। গরুর মালিক মো. শাহাবুদ্দিন মিয়া বলেন, গাভীটি ভোর রাতের ৩ এর পাতায় দেখুন

ঈদুল ফিতরের সম্ভাব্য তারিখ ঘোষণা

কীর্তনখোলা রিপোর্ট

পবিত্র ঈদুল ফিতরের সম্ভাব্য তারিখ ঘোষণা করেছেন জ্যোতির্বিদরা। তারা জানিয়েছেন, এ বছর রোজা ৩০টি পূর্ণ হতে পারে। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) গালফ নিউজের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। সংযুক্ত আরব আমিরাতের জ্যোতির্বিদরা জানিয়েছেন, আশা করা হচ্ছে যে এই বছর রমজান ৩০ দিন পূর্ণ হবে। ফলে ঈদুল ফিতর আগামী ২০ মার্চ উদযাপিত হবে। এমিরেটস জ্যোতির্বৈজ্ঞানিক সমাজের পরিচালনা পরিষদের চেয়ারম্যান ইব্রাহিম আল জারওয়ান জানান, ১৮ মার্চ আকাশে চাঁদ দেখা যাবে না। তাই পরের দিন নতুন মাস শুরু হওয়ার সম্ভাবনা কম। তিনি বলেন, শাওয়ালের চাঁদ ১৯ মার্চ সকাল ৫টা ২৩ মিনিটে জন্ম নেবে এবং সূর্যাস্তের পর প্রায় ২৯ মিনিট ৩ এর পাতায় দেখুন

চুরির মালামালসহ ছাত্রদল ও যুবদল নেতা গ্রেফতার

বানারীপাড়া প্রতিনিধি

বরিশালের বানারীপাড়া উপজেলার সদর ইউনিয়নের গাভা এলাকায় পুরোনো সরকারি ব্রিজের চোরাই মালামালসহ ছাত্রদল ও যুবদলের দুই নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) দুপুরে আসামি দুজনকে আদালতের মাধ্যমে বরিশাল কেন্দ্রীয় কারাগারে পাঠানো হয়। এর আগে বুধবার (২৫ ফেব্রুয়ারি) গভীর রাতে চোরাই মালামাল নিয়ে যাওয়ার সময় হাতেনাতে তাদের আটক করা হয়। গ্রেপ্তার দুজন হলেন- বানারীপাড়া সদর ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক জিহাদ আকন (২২) ও একই ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ড যুবদলের সভাপতি মো. সানি আহমেদ (২৭)। বানারীপাড়া থানার ওসি মজিবর রহমান বিষয়টি নিশ্চিত করে বলেন, বুধবার গভীর রাতে বানারীপাড়া সদর ইউনিয়নের গাভা এলাকা ৩ এর পাতায় দেখুন

কলাপাড়ায় বিএনপি সমর্থককে আ.লীগ কর্মীর মারধর

কলাপাড়া প্রতিনিধি

কলাপাড়ায় কাওসার (২৭) নামের এক বিএনপির সমর্থককে মারধর করার অভিযোগ উঠেছে বাচ্চু সিকদার নামের এক আওয়ামীলীগ সমর্থকের বিরুদ্ধে। শুক্রবার সকাল দশটায় উপজেলার নীলগঞ্জ ইউনিয়নের হাজীপুর বাজারে এ ঘটনা ঘটে। স্থানীয়রা আহত কাওসারকে উদ্ধার করে কলাপাড়া হাসপাতালে ভর্তি করে। সে পূর্ব হাজীপুর গ্রামের আবুল কালাম রাঢ়ীর ছেলে। আহত কাওসার বলেন, সকাল দশটার দিকে সে প্রয়োজনীয় কাজে হাজীপুর বাজারে আসেন। এসময় আওয়ামীলীগের সমর্থক বাচ্চুর সঙ্গে ৩ এর পাতায় দেখুন

উন্নয়নের মহাসড়কে হাঁটতে চায় বরগুনা

বরগুনা প্রতিনিধি

দক্ষিণাঞ্চলের সম্ভাবনাময় জেলা বরগুনা দীর্ঘদিন ধরে যোগাযোগ অবকাঠামো, মানসম্মত শিক্ষা ও চিকিৎসা সেবা, শিল্পায়ন, কর্মসংস্থান এবং পর্যটন উন্নয়নে কাঙ্ক্ষিত অগ্রগতি থেকে পিছিয়ে রয়েছে। প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ এই উপকূলীয় জেলা পরিকল্পিত ও সমন্বিত উদ্যোগের অভাবে তার পূর্ণ সম্ভাবনাকে কাজে লাগাতে পারেনি। তবে স্থানীয় সচেতন মহলের মতে, সঠিক পরিকল্পনা ও কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করা গেলে বরগুনা দক্ষিণাঞ্চলের একটি শক্তিশালী অর্থনৈতিক কেন্দ্র হিসেবে আত্মপ্রকাশ করতে পারে। মানসম্মত শিক্ষা ও চিকিৎসা সেবা প্রসঙ্গে স্বাস্থ্য বিভাগের সাবেক উপপরিচালক হুমায়ূন শাহীন খান বলেন, বরগুনায় প্রাথমিক স্বাস্থ্যসেবার কাঠামো থাকলেও বিশেষজ্ঞ চিকিৎসক, আধুনিক ডায়াগনস্টিক সুবিধা এবং জরুরি সেবায় এখনো ঘাটতি রয়েছে। জেলা সদর হাসপাতালকে পূর্ণাঙ্গ বিশেষায়িত হাসপাতালে উন্নীত করা এবং উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও জনবল নিশ্চিত করা ৩ এর পাতায় দেখুন

কুয়াকাটায় আগুনে ভষ্মীভূত ৮ ব্যবসা প্রতিষ্ঠান

কুয়াকাটা প্রতিনিধি

পটুয়াখালীর পর্যটন কেন্দ্র কুয়াকাটায় আগুনে পুড়ে ভূস্মিভূত হয়েছে ৮ টি ব্যবসা প্রতিষ্ঠান। এসময় আরও ৩ টি দোকান আংশিক ক্ষতিগ্রস্থ হয়েছে। শুক্রবার সকাল সাড়ে ছয়টায় দিকে পৌর শহরের বেড়িবাঁধে বাইরে সীকুইন হোটেল সংলগ্ন এলাকায় এ অগ্নিকান্ডের ঘটনা ঘটে। মুহুর্তেই আগুনের লেলিহান শিকায় সালমা ও নাসিরের খাবার হোটেল, বেল্লাল ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com